



আগরতলায় ভোটকর্মীরা বৃথবার রওয়ানা দিয়েছেন বুথের উদ্দেশ্যে কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে (বামে) এবং ভোটে নিরাপত্তার দায়িত্বে থাকা আরক্ষা কর্মীদের দায়িত্ব বুঝিয়ে দেওয়া হয়েছে বৃথবারই (ডানে)। ছবি নিজস্ব।



কঠোর নিরাপত্তায় আজ গণদেবতার রায় কমিশন ও পুলিশ আশ্বস্ত করল ভোটারদের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা/শান্তির বাজার/ বিলোনীয়া/ তেলিয়ামুড়া/ পানিসাগর, ২৪ নভেম্বর। কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে বৃহস্পতিবার গণদেবতার রায়। রাজ্য নির্বাচন কমিশন এবং পুলিশ প্রশাসনের তরফ থেকে নিরাপত্তার আশ্বাস দেয়া হয়েছে। ইতিমধ্যেই বুথগুলিকে এ এবং বি ক্যাটাগরিতে শ্রেণীবদ্ধ করে নিরাপত্তার পর্যাপ্ত ব্যবস্থা করা হয়েছে।

সংস্থায় ভোট গ্রহণ করা হবে। মোট ভোটার রয়েছে ৫ লক্ষ ১ হাজার ৭৩২ জন। এ-বিষয়ে সদর মহকুমা শাসক অসীম সাহা বলেন, পুর নিগমে ৫১টি ওয়ার্ডে আগামীকাল নির্বাচন

সুপার মানিক দাস বলেন, নির্বাচন অবাধ ও সুষ্ঠু ভাবে সম্পন্ন করার লক্ষ্যে সমস্ত ব্যবস্থা নেওয়া হয়েছে। প্রয়োজনীয় নিরাপত্তা কর্মী মোতায়েন করা হয়েছে। নির্ভয়ে ভোটারদের ভোটদানের সুযোগ

নাথাকার কারণে শান্তির বাজার পুর এলাকায় বিনাপ্রতিদন্দীতায় জয়লাভ করলো বিজেপি মনোনীত প্রার্থীরা। শান্তির বাজার পুর পরিষদের ৫ নং ওয়ার্ডে বিজেপি মনোনীত প্রার্থী রাজীব চক্রবর্তীকে পরিচিত জন্ম বৃথবার ৫ নং ওয়ার্ডে জন আশির্বাদ রেলি সংগঠিত করায়। রাজীব চক্রবর্তী কাউন্সিলারের পদে শপথগ্রহণের পূর্বেই সামাজিক কর্মসূচী হাতে নিয়েছেন। এরইমধ্যে আজ উনার উদ্দেশ্যে এলাকার গড়ী বৃথ পরিবারের মধ্যে শীতবস্ত্র হিসাবে কঞ্চল বিতরণ করা হয়। শান্তির বাজার পুর পরিষদের ৫ নং ওয়ার্ডে দীর্ঘদিনের লড়াই সৈনিক রাজীব চক্রবর্তীকে কাছে পেয়ে এলাকাবাসীরা খোবই খুশি। রাজীব চক্রবর্তী ভোটে দারানোর আগেও শান্তির বাজার মহকুমার বিভিন্ন লোকজনদের সাহায্যের হাত বাড়িয়ে

পুর ও নগর ভোট

অনুষ্ঠিত হবে। তার কথায়, পুর নিগমে ৪৩৯টি ভোট গ্রহণ কেন্দ্র রয়েছে। কমিশনের নির্দেশিকা মোতাবেক ভোট কর্মীরা ভোট সামগ্রী নিয়ে ইতিমধ্যেই ভোটগ্রহণ কেন্দ্রের উদ্দেশ্যে রওয়ানা হয়ে গেছেন।

তিনি বলেন, নিগম ভোটে প্রায় ২১৯৫ জন ভোট কর্মী নিয়োজিত রয়েছে। তারা গত দুই দিন ধরে ভোট সামগ্রী পরীক্ষণ করেছেন। আজ নিরাপত্তা কর্মীদের সাথে ভোট গ্রহণ কেন্দ্রে গেছেন। এদিকে, পশ্চিম জেলা পুলিশ

করে দেওয়ার লক্ষ্যে পুলিশ সমস্ত আয়োজন করেছে। তাঁর দাবি, কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী, টিএসআর এবং পুলিশ কর্মী ভোটের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত রয়েছেন। ভোট কেন্দ্রে নিরাপত্তার দায়িত্বে রয়েছেন টিএসআর জওয়ান ও পুলিশ কর্মী।

৩৬ শান্তির বাজার মন্ডল বিজেপির উদ্দেশ্যে শান্তির বাজার পুর পরিষদের ৫ নং ওয়ার্ডে অনুষ্ঠিত হয় জন আশির্বাদ রেলি। পুর পরিষদ নির্বাচনে শান্তির বাজার পুর পরিষদের বিজেপির প্রতিদন্দী

কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে পাস কৃষি আইন প্রত্যাহার বিল

নয়াদিল্লি, ২৪ নভেম্বর (হিস)। আইনগত ভাবে তিন কৃষি বিল বাতিলের পথে আরও এক পা এগিয়ে গেল কেন্দ্রীয় সরকার। সংসদের আসন্ন শীতকালীন অধিবেশনে তিন কৃষি আইন বাতিল করার বিষয়ে বিল আনার বিষয়টি সর্বসম্মতিক্রমে পাস হল কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে। আজ বৃথবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বাসভবনে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। প্রসঙ্গত উল্লেখ, আগামী ২৯ নভেম্বর থেকে শুরু হচ্ছে এবারের শীতকালীন অধিবেশন।

২০২০ সালের সেপ্টেম্বর মাসে তিন কৃষি বিল সংসদে আনা হয়। এক প্রকার জোর করে পাস করিয়ে নেওয়া হয়। তারপরই রাষ্ট্রপতির সাক্ষর করে আইনে পরিণত করা হয়। কিন্তু, প্রথম থেকেই এই বিল বা পরবর্তীতে আইনের বিরুদ্ধে দেশ জুড়ে তুমুল কৃষক আন্দোলন

বেপাতা আই-প্যাকের ২২ জন কর্মচারী, উচ্চ আদালতের নোটিশ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ নভেম্বর। বেপাতা হয়ে গেছেন আই-প্যাকের ২২ জন কর্মচারী। আদালতের নির্দেশ মেনে তদন্তে সহযোগিতা করছেন না, এমনকি ত্রিপুরা পুলিশের পাঠানো নোটিশের জবাবও দিচ্ছেন না, ত্রিপুরা পুলিশ এখন উচো আদালতের দ্বারস্থ হয়েছে। উচ্চ আদালত দুই সপ্তাহের সময় বেঁধে দিয়ে আই-প্যাকের ২২ জন কর্মচারীকে নোটিশের জবাব দিতে নির্দেশ দিয়েছে।

কর্মচারীর বিরুদ্ধে ত্রিপুরা কোর্ট বিধি লঙ্ঘনের দায়ে গত ২৬ জুলাই পুলিশ থেফতার করেছিল। তাঁদের থানা থেকে জামিন নেওয়ার পরামর্শ দেওয়া হলেও তারা আদালতে গিয়ে জামিন নিয়েছেন। মুখ্য বিচারবিভাগীয় আদালত তাঁদের জামিন মঞ্জুর করার বিনিময়ে তদন্তে সহযোগিতা করার শর্ত বেঁধে দিয়েছিল। কিন্তু জামিন পাওয়ার পর থেকে তাঁদের কারাবরণে সাথে পুলিশের যোগাযোগ সম্ভব হয়নি। তিনি বলেন, ত্রিপুরা পুলিশ ওই ২২ জনকে দুই বার

জিজ্ঞাসাবাদের জন্য সিআরপিসি ৪১ ধারা মোতাবেক হাজিরা দিতে নোটিশ পাঠিয়েছিল। কিন্তু তারা নোটিশের জবাবও করেননি এবং থানায় এসে হাজিরাও দেননি। তাই, উপায় না পেয়ে ত্রিপুরা পুলিশ উচ্চ আদালতের দ্বারস্থ হয়েছে। আজ উচ্চ আদালতের বিচারপতি এস জি চট্টোপাধ্যায়ের বেঞ্চে পুলিশের আবেদনের শুনানি হয়েছে। আদালত আই-প্যাকের ২২ জন কর্মচারীকে নোটিশ পাঠিয়েছে। তাঁদের দুই সপ্তাহের মধ্যে নোটিশের জবাব দেওয়ার নির্দেশ দিয়েছে আদালত, বলেন অ্যাডভোকেট জেনারেল।

এ-বিষয়ে অ্যাডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে বলেন, আই-প্যাকের ২২ জন

যোগাযোগ সম্ভব হয়নি। তিনি বলেন, ত্রিপুরা পুলিশ ওই ২২ জনকে দুই বার

পুর ও নগর ভোট : জরুরী ভিত্তিতে সুপ্রিম কোর্টে মামলা করলেন জীতেন্দ্র চৌধুরী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ নভেম্বর। দলীয় প্রার্থীর বাড়িতে ঢুকে হুমকি ধমকি দেয়া সহ ভয়ভীতি প্রদর্শনের ঘটনা জানিয়ে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করেছেন সিপিএম রাজ্য সম্পাদক তথা প্রাক্তন সাংসদ জীতেন্দ্র চৌধুরী। বৃহস্পতিবার রাজ্য পুর নির্বাচন অবাধ ও নিরপেক্ষ করতে অবিলম্বে সুপ্রিম কোর্টের হস্তক্ষেপ দাবি করে এই মামলা করা হয়েছে।

৩৩ হাজার কোটি বকেয়া টাকা মোদির কাছে চাইলেন মমতা

নিজস্ব প্রতিনিধি, ২৪ নভেম্বর (হিস)। দিল্লি সফরে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করলেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। দুজনের মধে প্রায় ৪০ মিনিট কথা হয়। রাজ্যের বকেয়া প্রায় ৩৩ হাজার কোটি টাকা

চাওয়ার পাশাপাশি বিএসএফের ক্ষমতাবৃদ্ধি সিদ্ধান্ত প্রত্যাহারের আর জি জানান বাংলার মুখ্যমন্ত্রী বৃথবার প্রধানমন্ত্রীর দফতরে আসেন বাংলার মুখ্যমন্ত্রী। জল্পনা মতেই রাজ্যের প্রাপ্য বকেয়া নিয়ে কথা হয় দুজনের মধ্যে।

ফাঁসিতে বুলন্ত অবস্থায় মৃতদেহ উদ্ধার যুবতীর

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ নভেম্বর। নিজ বাড়িতেই ঘরের মধ্যে বুলন্ত অবস্থায় উদ্ধার যুবতীর মৃতদেহ। ঘটনাস্থল ঘটেছে রাজধানী আগরতলা শহরের পুরাতন জেল রোডে। মৃতার নাম শর্মিস্তা চ্যাটার্জী। বয়স তেরিশ। এদিন সকালে বাড়ির একটি ঘরের সিলিং ফেনের সাথে গলায় ফাঁসিতে বুলন্ত অবস্থায় মৃতদেহ উদ্ধার করা হয়। পরিবারের এক সদস্য জানিয়েছেন ওই যুবতী আত্মহত্যা করেছে। গত কিছুদিন ধরেই সে মানসিক অবসাদে ভুগছিলেন।

তেলিয়ামুড়ায় বাড়ি ঘরে তাড়ব বন্য হাতির, বন দপ্তর নির্বিচার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ নভেম্বর। আঠারোমুড়া পাহাড়ে খাদ্যভাব দেখা দেওয়ায় প্রতিবছর বন্যহাতির দল সমতলের নেমে এসেছে তাড়ব চালাচ্ছে। মঙ্গলবার রাত্তে তেলিয়ামুড়া উত্তর কুম্পপুর থামে বন্যহাতির দল তাড়ব চালিয়েছে। প্রতিনিয়ত বন্যহাতির তাড়বে আতঙ্কগ্রস্ত বিস্তীর্ণ এলাকার মানুষজন। রাতের অন্ধকারে বন্যহাতির তাড়বে অতিষ্ঠ এলাকাবাসীরা।



ফাইল ছবি

ঘটনা তেলিয়ামুড়া বন দপ্তরের অধীন উত্তর কুম্পপুর ওনং ওয়ার্ড এলাকায় মঙ্গলবার রাত্তে।

ঘটনার বিবরণ জানা যায়, রাতের এলাকায় প্রবেশ করে দুলাল বিশ্বাস অন্ধকারে বন্য দাঁতাল হাতি নামে

আরও চার মাস বিনামূল্যে রেশন বরাদ্দ কেন্দ্রের, ধন্যবাদ জানাল প্রদেশ বিজেপি

নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লী/ আগরতলা, ২৪ নভেম্বর। জঙ্গনার অবসান আরও চার মাস বিনামূল্যে রেশন বরাদ্দ বাড়ছে কেন্দ্র। বৃথবার কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে এ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ডিসেম্বর ২০২১ থেকে মার্চ ২০২২ পর্যন্ত বিনামূল্যে রেশন দেওয়া হবে। কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর এ খবর জানিয়েছেন।

তিনি বলেন, 'প্রধানমন্ত্রী গরিব কল্যাণ অন্ন যোজনার মাধ্যমে বিনামূল্যে রেশন দেওয়া হবে। এখনও পর্যন্ত ৬৪১ মেট্রিক খাদ্য শস্য দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এতে প্রায় ৫৩ হাজার ৩৪৪ কোটি টাকা খরচ হবে। ২০২০ সালের মার্চ মাসে এই প্রকল্প শুরু করা হয়েছিল। ইতিমধ্যে, প্রায় পনেরো মাস ধরে বিনামূল্যে রেশন দেওয়া হচ্ছে রাজ্য ও কেন্দ্রশাসিত সরকার, পরশাসনের মাধ্যমে। গরিব মানুষ যাতে না খেয়ে তার জন্য এই ব্যবস্থা চালু করা হয়েছিল।'

এদিনের বৈঠকের পরে কেন্দ্রীয় আরও জানান, কেন্দ্রীয় খাদ্য সুরক্ষা আইনের আওতায় যে খাদ্য পাওয়া যায় তার বাইরে এই রেশন দেওয়া হবে। আগেও দেওয়া হয়েছে। প্রায় ৫৩ হাজার ৩৪৪ কোটি টাকা খরচ হবে। ইতিমধ্যে, ৮০ কোটির বেশি মানুষকে ৫৪১ লাখ মেট্রিক টন খাদ্য শস্য বিনামূল্যে দেওয়া হয়েছে। আগামী চার মাসে ৫৯ লাখ মেট্রিক টন

খাদ্য শস্য দেওয়া হবে। তার জন্য সব মিলিয়ে ২ লাখ ৬০ হাজার কোটি টাকা খরচ হবে।' প্রদেশ ভারতীয় জনতা পার্টি আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় মন্ত্রিসভার মন্ত্রী পরিষদের প্রধানমন্ত্রী গরীব কল্যাণ আন্ন যোজনা আগামী বছরের মার্চ পর্যন্ত বাড়ানোর জন্য ধন্যবাদ জানিয়েছে। আজ সন্ধ্যায় আগরতলায় সংবাদ সম্মেলনে, বিজেপি রাজ্যের মুখপাত্র সুরভ চক্রবর্তী বলেন, কোভিড মহামারীর কারণে বিশ্বের প্রতিটি দেশ দুর্দশার সম্মুখীন হয়েছে যখন সেখানে আমাদের দেশ স্থিতিশীল অবস্থায় রয়েছে। ঘনবসতিপূর্ণ ভারতও একই মুখোমুখি হয়েছিল, কিন্তু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে দেশটি ধীরে ধীরে তার ভাল অবস্থানে পুনরুদ্ধারিত হয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী দায়িত্বপূর্ণ ভাবে পরিবারের সদস্য এবং তিনি অস্ত্রোদয় এবং দরিদ্র শ্রেণীর পরিবারগুলির জন্য সহানুভূতিশীল। তাই, অর্থনৈতিক বিপর্যয়ের পরিপ্রেক্ষিতে জাতীয় খাদ্য নিরাপত্তা আইন এর আওতায় থাকা সমস্ত সুবিধাভোগীদের জন্য প্রধানমন্ত্রী গরীব কল্যাণ আন্ন যোজনা গভীর ও গুরু করা হয়েছিল করোনার প্রাদুর্ভাবের কারণে। প্রধানমন্ত্রী গরীব কল্যাণ যোজনা



বৃথবার নয়াদিল্লীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সাথে বৈঠক করেছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বানার্জী। ছবি- টাইটার



সাবোর্ডিক সম্মেলনে বক্তব্য রাখেন পুর নিগমের বামফ্রন্ট প্রার্থী ফুলন ভট্টাচার্য। ছবিঃ নিজস্ব

ইমরান খানকে তোপ তসলিমা নাসরিনের

কলকাতা, ২৪ নভেম্বর (হি.স.): পাকিস্তানের বর্তমান পরিস্থিতিতে ইমরান খানকে তোপ দাগলেন নির্বাসিত লেখিকা তসলিমা নাসরিন। তসলিমা লিখেছেন, “ইমরান খান এখন ভিক্ষা শুরু করেছেন, বলাহেন দেশ চালানোর জন্য তাঁর কাছে টাকা নেই। ইউরোপ ও আমেরিকাকে সাহায্য করতে বলাছে? তাঁর উচিত টীককে পাকিস্তানকে সংযুক্ত করতে বলা। সমস্ত নাটক, সোপ অপেরা এবং বিনোদনমূলক অনুষ্ঠান যেখানে মহিলাদের বৈশিষ্ট্য রয়েছে আফগানিস্তানে এখন নিষিদ্ধ। তাইলবান নারীদের জনজীবন থেকে বর্জন করেছে। তারা শুধু চায় নারীরা আরও তাইলবানের জন্ম দিক। তারা মহিলাদের গোপনাদ এবং জরায়ুতে সীমাবদ্ধ রাখে। বিবেকবানদের প্রতিবাদ করতে হবে।” হিন্দুস্থান সমাচার/ অশোক

রাজ্যে করোনায় পরীক্ষা বাড়ানোর পরামর্শ দিয়ে নবামকে চিঠি কেন্দ্রের

কলকাতা, ২৪ নভেম্বর (হি.স.): বিবাহ অনুষ্ঠান, পূজা মরসুমের পর রাজ্যে করোনায় পরীক্ষার হার লাগাতার কমছে। ফলে, পরিস্থিতির সঠিক চিত্র উঠে আসছে না। এই পরিস্থিতিতে করোনায় পরীক্ষা বাড়ানো সব রকম পদক্ষেপ করার পরামর্শ দিয়ে নবামকে চিঠি দিল কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। কোথাও কোথাও করোনায় চতুর্থ, এমনকি পঞ্চম ডেউ আছড়ে পড়েছে বলে খবর সামনে এসেছে। নাগরিকদের করোনায় প্রতিবেদক দেওয়ার পরও বিশ্বের বেশ কিছু উন্নত দেশে ফের করোনায় পরিস্থিতির অবনতি হতে শুরু করেছে। এই পরিস্থিতিতে ভারতের পরিস্থিতি ঠিক কোন জায়গায় দাঁড়িয়ে, তা পর্যাপ্ত পরিমাণে পরীক্ষা না হলে বোঝা সম্ভব নয়। চিঠিতে এমনটাই জানিয়েছেন কেন্দ্রীয় স্বাস্থ্যসচিব রাজেশ ভূষণ। পশ্চিমবঙ্গ-সহ দেশে ১৩টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে এই চিঠি দিয়েছেন কেন্দ্রীয় স্বাস্থ্যসচিব। তালিকায় এ রাজ্য ছাড়া রয়েছে নাগাল্যান্ড, সিকিম, মহারাষ্ট্র, কেরল, গোয়া, মণিপুর, মেঘালয়, মিজোরাম, জম্মু-কাশ্মীর, পঞ্জাব, রাজস্থান ও লাদাখ। চিঠিতে কেন্দ্র জানিয়েছে, করোনাবিধি শিথিল হতেই ভারতীয়দের বিদেশে যাতায়াত বেড়েছে। বিবাহ অনুষ্ঠান, পূজা মরসুমও শেষ হয়েছে সম্প্রতি। এ ছাড়াও সম্প্রতি কিছু রাজ্যে বায়ুদূষণ সংক্রান্ত পরিস্থিতির অবনতি হয়েছে। এই পরিস্থিতিতে করোনায় পরীক্ষা কমে গেলে একটা নির্দিষ্ট এলাকায় ঠিক কী ভাবে এই রোগ ছড়াচ্ছে, তা বোঝা সম্ভব নয়। এ বিষয়ে কেন্দ্র রাজ্যকে সাহায্য করার জন্য তৈরি বলেই জানানো হয়েছে চিঠিতে।

আপেক্ষায় নয়ডা, বৃহস্পতিতেই আন্তর্জাতিক বিমানবন্দরের ভিত্তিপ্রস্তর স্থাপন

নয়াদিল্লি, ২৪ নভেম্বর (হি.স.): দিল্লির কাছে উত্তরপ্রদেশের জেওয়ারে তৈরি হচ্ছে নয়ডা আন্তর্জাতিক বিমানবন্দর। বৃহস্পতিবার ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। উত্তর প্রদেশের গৌতম বুদ্ধ নগর জেলার জেওয়ারে তৈরি হতে চলা নয়ডা আন্তর্জাতিক বিমানবন্দরেরটি হতে চলেছে ভারতের প্রথম নেট শূন্য নির্গমন বিমানবন্দর। ১০,০৫০ কোটি টাকার বেশি ব্যয়ে প্রথম পর্যায়ে অগ্রগতি সম্পন্ন হয়েছে। ১৩০০ হেক্টরেরও বেশি জমিতে বিস্তৃত এই বিমানবন্দরের প্রথম পর্যায়ে বছরে প্রায় ১.২ কোটি যাত্রী পরিষেবা দেওয়ার ক্ষমতা থাকবে এবং ২০২৪ সালের মধ্যে কাজ শেষ হওয়ার কথা রয়েছে। ২৫ নভেম্বর দুপুর একটা নাগাদ আয়োজিত অনুষ্ঠানে গৌতম বুদ্ধ নগর জেলার জেওয়ারে নয়ডা আন্তর্জাতিক বিমানবন্দরের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী। এই বিমানবন্দরের কাজ সম্পন্ন হলে, উত্তর প্রদেশ ভারতের একমাত্র রাজ্য হবে, যেখানে পাঁচটি আন্তর্জাতিক বিমানবন্দর থাকবে।

কেন্দ্রকে দূষণ রুখতে প্রচেষ্টা চালিয়ে যেতে বলল সুপ্রিম কোর্ট, পরবর্তী শুনানি ২৯ নভেম্বর

নয়াদিল্লি, ২৪ নভেম্বর (হি.স.): রাজধানী দিল্লিতে বায়ুদূষণ রুখতে কেন্দ্রকে প্রচেষ্টা চালিয়ে যেতে বলল সুপ্রিম কোর্ট। বৃহস্পতার শীর্ষ আদালত জানিয়েছে, আগামী দুই-তিন দিন দিল্লিতে বায়ুদূষণ রুখতে কেন্দ্র প্রচেষ্টা চালিয়ে যাক। এই সময়ে মধ্য দুপুরের মাত্রা ১০০ হয়ে গেলে কিছু বিধিনিষেধ উঠে যেতে পারে। এই মামলার পরবর্তী শুনানি হবে আগামী ২৯ নভেম্বর। উদ্বিগ্ন প্রকাশ করে সুপ্রিম কোর্ট এদিন বলেছে, এটা দেশের রাজধানী, আন্দোলন ভেবে দেখুন তো গোটা বিশ্বের কাছে আমরা কী বার্তা দিচ্ছি। বায়ুদূষণ অত্যন্ত গুরুতর একটি বিষয়, তাই সবটুকু আদালত জানিয়েছে, এই মামলার শুনানি চলবে। দিল্লি লাগোয়া পঞ্জাব, হরিয়ানা ও উত্তর প্রদেশ সরকারকে এদিন সুপ্রিম কোর্ট বলেছে, কত পরিমাণ খড়কাচালি পোড়ানো হয়েছে, কী কী পদ্ধতি অবলম্বন করা হচ্ছে সে বিষয়টি দেখানোর জন্য।

মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে ওসি বদল; ফের পরপর চুরি বীজপুরে, আতঙ্কে ব্যবসায়ীরা

কলকাতা, ২৪ নভেম্বর (হি.স.): সম্প্রতি উত্তর ২৪ পরগনা জেলায় প্রশাসনিক বৈঠকে গিয়ে হালিশহর-সহ বীজপুর থানা এলাকায় চুরি-সহ অন্যান্য অপরাধ নিয়ে স্কোড প্রকাশ করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তার পরই বদল করা হল বীজপুর থানার ওসি-সহ ৩ পুলিশ কর্মীকে। তার পরেও কম্বাছে না চোরের উপদ্রব। মঙ্গলবার রাতে ফের চুরির ঘটনা ঘটল হালিশহরের জেটিয়া

বাজারে। সেখানে এক মোবাইল ফোন ব্যবসায়ীর দোকান ভেঙে দেড় লাখ টাকার মোবাইল ফোন নিয়ে চম্পট দেয় চোর। দিন কয়েক আগেই স্থানীয় ব্যবসায়ী রবি দাসের অফিসের তাল্লা ভেঙে নগদ পঞ্চাশ হাজার টাকা চুরি যায়। এর আগেও গত কয়েক মাসে বহুবার চুরি হয়েছে। সবমিলিয়ে কাঁচড়া। পাড়া ও হালিশহর চোরের উ পত্রব কমাতে পারছে না বীজপুর

পুলিস। পুলিশ সূত্রে খবর, অধিকাংশ ক্ষেত্রেই চোর আসছে বাইরের জেলা থেকে। সীমান্তবর্তী জেলা হওয়ায় কাজ হাসিল করে নিজের জেলায় তাদের ফিরে যাওয়ার সহজ হচ্ছে। নদিয়া থেকে টেনে চেপে দিনের বেলাতেই চুকে পড়ছে চোরের দল ভোর হলেই প্রথম ট্রেনেই চুরির কাজ সেড়ে পালিয়ে যাচ্ছে তারা। এদের সঙ্গে যোগ রয়েছে এলাকার দুষ্কৃতীদের। এনিম্নে

অন্য জেলার থানা থেকেও সতর্ক করা হয়েছিল। এদিকে, চুরির ব্যাপারে মুখ খুলতে নারাজ বীজপুর থানার পুলিশ। বিভিন্ন ঘটনায় সিসিটিভির ফুটেজ দেখে এখনও পর্যন্ত ১১ জনকে থেফতার করে রেখে পুলিশ। তাদের দফায় দফায় দল ভোর হলেই প্রথম ট্রেনেই চুরির কাজ সেড়ে পালিয়ে যাচ্ছে তাদের টি পারদরও খোঁজে তদাশি চালাচ্ছে পুলিশ।

“বাংলার মেই রেশন বিতরণ করছে”, মমতাকে ব্যঙ্গ শুভেন্দুর

কলকাতা, ২৪ নভেম্বর (হি.স.): ২০২২ সালের মার্চ মাস পর্যন্ত বিনামূল্যে রেশন দেওয়ার কথা ঘোষণা করায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানালেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সেই সঙ্গে রেশন বন্টনের কৃতিত্ব ‘বাংলার মেই’ দাবি করার সুযোগ পেলেন বলে ব্যঙ্গ করলেন মমতা বন্দ্যোপাধ্যায়কে। শুভেন্দুবাবু বৃহস্পতার টুইটারে লেখেন, “প্রধানমন্ত্রী নরেন্দ্র

মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভাকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। প্রধানমন্ত্রী গরিব কল্যাণ যোজনার অধীনে বিনামূল্যে রেশন ২০২২ সালের মার্চ পর্যন্ত বাড়ানোর জন্য। অন্তত টিএমসি দাবি করতে পারে আসন্ন পৌরসভা নির্বাচনের প্রচারের সময় বাংলার মেই রেশন বিতরণ করছে। প্রসঙ্গত, তৃণমূল এবং দলনেত্রী বিভিন্ন সময় নিজস্ব উদ্যোগে এই

রেশন বন্টন হচ্ছে বলে প্রকাশ্য সভায় ঘোষণা করেন। নির্বাচনী প্রচারেও মাত্রা পায় এই দাবি। আগাম ঘোষণামত সম্প্রতি এই রেশন কেন্দ্র বন্ধ করার ঘোষণা করে। এর পর বিভিন্ন মহলে প্রশ্ন ওঠে, কেন্দ্রের বরাদ্দ নিজের বলে কীভাবে নিজের কৃতিত্ব জাহির করেন নেত্রী। এর জের ধরেই এই মন্তব্য করেছেন শুভেন্দুবাবু। ২০২২ সালের মার্চ মাস পর্যন্ত বিনামূল্যে রেশন দেওয়ার কথা

ঘোষণা করেছে কেন্দ্র। এ রাজ্যের বিধানসভা ছোটের কথা মাথায় রেখেই মোদী সরকারের এই সিদ্ধান্ত বলে মনে করছে রাজনৈতিক মহল। ভোটারের জন্য রেশন নিয়ে সেই মমতার পথেই হটলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বিধানসভা ছোটের আগে রাজ্যবাসীকে জুলাই মাস পর্যন্ত বিনামূল্যে রেশন দেওয়ার কথা ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

বার্নপুরে বিক্ষোভের মুখে দিলীপ, অগ্নিমিত্রা বললেন তৃণমূল মানেই গুণ্ডাবাহিনী

আসানসোল, ২৪ নভেম্বর (হি.স.): আসানসোলের বার্নপুরে বিক্ষোভের মুখে পড়লেন বিজেপির সর্বভারতীয় সহ-সভাপতি দিলীপ ঘোষ। বার্নপুর বাসস্ত্যস্ত্রের কাছে দিলীপ ঘোষকে ঘিরে ‘খেলা হবে’ স্লোগান দেওয়ার অভিযোগ উঠেছে তৃণমূল কর্মীদের বিরুদ্ধে।

যদিও বিক্ষোভ দেখানোর অভিযোগ অস্বীকার করেছেন তৃণমূল নেতৃত্ব। বৃহস্পতার সকালে বার্নপুরের চা চক্রে রাজ্যের আইনশৃঙ্খলা পরিহিত নিয়ে তোপ দাগেন দিলীপ। সেখানে তিনি বলেছেন, “রাজ্যের আইনশৃঙ্খলা পরিহিতের অবনতি হচ্ছে। চারদিকে খুনখারাপি চলছে। কেউ

গোয়া, কেউ ত্রিপুরা তো কেউ দিল্লি গিয়ে বসে আছেন। পশ্চিমবঙ্গের মানুষের কী হবে?” চা চক্রের অনুষ্ঠান করে ইস্কার গেস্ট হাউসে ফিরছিলেন তিনি। অভিযোগ, বার্নপুর বাসস্ত্যস্ত্রের কাছে দিলীপ ঘোষকে ঘিরে ‘খেলা হবে’ স্লোগান দেওয়া হয়। সেই সময় ঘটনাস্থলে ছিলেন

আসানসোল দক্ষিণের বিধায়ক অগ্নিমিত্রা পাল। বিক্ষোভ নিয়ে তিনি বলেছেন, “তৃণমূল মানেই গুণ্ডাবাহিনী। কোনও কারণ ছাড়াই তৃণমূলের লোকেরা আমাদের রাস্তা আটকে বিক্ষোভ দেখিয়েছেন।” যদিও দিলীপদের ঘিরে বিক্ষোভের অভিযোগ অস্বীকার করেছেন তৃণমূল নেতৃত্ব।

চলচ্চিত্রোৎসবে প্রশংসিত বাংলার মেয়ের ‘সাঁইবাড়ি থেকে সন্দেশখালি’

গোয়া, ২৪ নভেম্বর (হি.স.): বৃহস্পতার গোয়ায় আন্তর্জাতিক চলচ্চিত্রোৎসবে প্রশংসিত হল মেয়ের ‘সাঁইবাড়ি থেকে সন্দেশখালি’। ৪২ মিনিটের এই ছবি দেখানো হল ‘আইনস্প’-এ। ছবির পরিচালিকা সংঘমিত্রা চৌধুরী বিজেপি-র পশ্চিমবঙ্গ শাখার অন্যতম সম্পাদক। সংঘমিত্রা গোয়া থেকে এই প্রতিবেদককে জানান, “সাঁইবাড়ি থেকে সন্দেশখালি ছবিটি তৈরির প্রথম অনুপ্রেরণা আমাকে

দিয়েছিলেন আমার এক দাদা কাঞ্চন ব্যানার্জি। তিনি আমেরিকার বস্টনে থাকেন। গত ৫০ বছরে গোটা পশ্চিমবঙ্গে যে কয়টি নারকীয় হত্যাকাণ্ড এটা তারই চলচ্চিত্র। প্রায় এক বছর ধরে গবেষণা করে এই ছবির চিত্রনাট্য তৈরি হয়েছে। ছবিটি ডকু ফিচার আকারে পরিবেশন করা করা হল। বেশ কিছু দৃশ্যকে আমরা প্রতিলেখনকভাবে জানান, “সাঁইবাড়ি মরিকচাঁপা, নন্দীগ্রাম, সন্দেশখালি, প্রভৃতি জায়গার ঘটনাকে নতুন

করে চিত্র রূপ দেওয়া হয়েছে। ছবিটি তৈরি করার সময় অনেক রাজনৈতিক বাধা বিপত্তি এসেছে। করোনায় সময় গুটিং করতে পারিনি বেশ কিছু দিন। কিন্তু তা সত্ত্বেও ছবিটা আমরা খুব যত্নসহকারে তৈরি করেছি। সেসব করতে গিয়ে আর এক বিপত্তি। অনেক সময় লেগেছে কারণ এটা কলকাতা সেন্সার অফিস দায়িত্ব এড়িয়ে গেছে। আবার আমাকে মুম্বাই সেন্সার অফিসে পাঠিয়ে তারপর সেন্সার করতে হয়েছে।

ছবিটিকে যখন ইন্ডিয়ান প্যানোরামাতে পাঠাই তখন ভাবতে পারিনি যে এই ছবি করোনায় সময় গুটিং করতে পারিনি বেশ কিছু দিন। কিন্তু তা সত্ত্বেও ছবিটা আমরা খুব যত্নসহকারে তৈরি করেছি। সেসব করতে গিয়ে আর এক বিপত্তি। অনেক সময় লেগেছে কারণ এটা কলকাতা সেন্সার অফিস দায়িত্ব এড়িয়ে গেছে। আবার আমাকে মুম্বাই সেন্সার অফিসে পাঠিয়ে তারপর সেন্সার করতে হয়েছে।

২৯ নভেম্বর থেকে ফের খুলছে স্কুল ও কলেজ গোপাল রাই বললেন দূষণ কাটছে দিল্লিতে

নয়াদিল্লি, ২৪ নভেম্বর (হি.স.): আগামী ২৯ নভেম্বর থেকে রাজধানী দিল্লিতে ফের খুলছে স্কুল ও কলেজ। ওই দিন থেকেই খুলবে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানও। পাশাপাশি ২৭ নভেম্বর থেকে সমস্ত সিএনজি, বৈদ্যুতিক যানবাহন দিল্লিতে প্রবেশের অনুমতি দেওয়া হয়েছে।

অন্যান্য সমস্ত যানবাহনের প্রবেশ নিষিদ্ধ থাকবে। বৃহস্পতার জানালেন দিল্লির পরিবেশ মন্ত্রী গোপাল রাই। গোপাল রাই জানিয়েছেন, দিল্লির বাতাসের মান এখন উন্নত হচ্ছে। ২৯ নভেম্বর থেকে দিল্লিতে ফের খুলবে স্কুল, কলেজ ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান। পাশাপাশি দিল্লির পরিবেশ মন্ত্রী আরও জানিয়েছেন,

২৭ নভেম্বর থেকে সমস্ত সিএনজি, বৈদ্যুতিক যানবাহন দিল্লিতে প্রবেশের অনুমতি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছি আমরা। ৩ ডিসেম্বর পর্যন্ত অন্যান্য সমস্ত যানবাহনের প্রবেশ নিষিদ্ধ থাকবে। গোপাল রাই এদিন আরও জানিয়েছেন, দিল্লির সরকারি অফিসগুলিতে স্বাভাবিক কাজকর্ম ২৯ নভেম্বর থেকে আবার শুরু

হবে। আমরা তাঁদের যাতায়াতের জন্য গণপরিবহন ব্যবহার করার পরামর্শ দিচ্ছি। কলোনী থেকে চলবে বিশেষ বাস পরিষেবা, যেখানে সর্বাধিক সংখ্যক দিল্লির সরকারি কর্মচারী থাকেন। প্রসঙ্গত, বায়ুদূষণের কারণে দিল্লিতে বন্ধ রাখা হয়েছিল স্কুল, কলেজ ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান। সরকারি অফিসও বন্ধ রাখা হয়।

কাজিরবাজারে সরকারি জমি ছেড়ে পূর্ত বিভাগের ড্রেন নির্মাণ, উঠেছে নানা অভিযোগ

রাতবাড়ি (অসম), ২৪ নভেম্বর (হি.স.): দীর্ঘ আন্দোলনের ফলশ্রুতিতে করিমগঞ্জ জেলার অন্তর্গত রাতবাড়ি বিধানসভা এলাকার কাজিরবাজারে পূর্ত সড়কের পাশে শুরু হয়েছে ড্রেনের কাজ। অতি সম্প্রতি করিমগঞ্জের সাংসদ কৃপাপাথ মাল্য আনুষ্ঠানিকভাবে এই ড্রেনের নির্মাণকাজের সূচনা করেছিলেন। কাজের ব্যয়ভার পেয়েছেন ঠিকাদার আবদুল মালিক। কাজিরবাজারে পাহাড়তল থেকে আনিপুর তেমাথা পর্যন্ত পূর্ত সড়ক সংস্কারের পাশাপাশি কাজিরবাজারে পূর্ত সড়কের দুই পাশে ড্রেন নির্মাণের জন্য ১০ কোটি টাকার প্রকল্প বরাদ্দ হয়েছে। ড্রেনের কাজও যথারীতি শুরু হয়েছে। কিন্তু শুরুতেই কাজের

গুণগত মান নিয়ে প্রশ্ন তুলেছেন স্থানীয়রা। তাঁদের অভিযোগ, আগে দক্ষিণ করিমগঞ্জের বিধায়ক আজিজ আহমেদ খান ৩০ লক্ষ টাকা বরাদ্দ করেছিলেন। ওই টাকায় বাজারে প্রায় দুশো মিটারের মতো ড্রেন নির্মাণ করা হয়েছিল। কিন্তু পরবর্তীতে সিমেন্ট ব্যবহার না করায় ও অভিযোগ করেছেন স্থানীয়রা। এছাড়া তাঁদের আরও অভিযোগ, পূর্ত সড়কের জমি বাইরে রেখে

ড্রেনের নির্মাণকাজ চলছে। এলাকার জনগণের দীর্ঘদিনের আন্দোলনের ফলশ্রুতিতে গতবছর প্রশাসন পূর্ত সড়কের জমি চিহ্নিত করে জবরদখলকারীদের উচ্ছেদ করেছিলেন। কিন্তু এখন ড্রেন নির্মাণের ক্ষেত্রে চিহ্নিত জমি বাইরে রেখে কাজ চলছে। গত বছর ড্রেন নির্মাণের সময় ঠিক একইভাবে উদ্ধারকৃত জমি বাইরে রেখে ড্রেন নির্মাণ করে নেওয়া হয়। ফলে জবরদখলকারীরা আবার পাকা ঘর নির্মাণ করে উদ্ধারকৃত জমি জবরদখল করে নেয়। বর্তমানেও একইভাবে কাজ চলছে বলে বিস্তার অভিযোগ করেছেন তাঁরা। কাজের শিলান্যাসের দিন বাজার উন্নয়ন কমিটির সভাপতি তথা স্থানীয় জেলা পরিষদ সদস্য পূর্ত বিভাগের জমি ছেড়ে দিতে

ব্যবসায়ীদের অনুরোধ জানান। কিন্তু এখন পর্যন্ত কোনও ব্যবসায়ী পূর্ত বিভাগের জমি হিসেবে প্রশাসনের চিহ্নিত জায়গা ছেড়ে দেননি। বরং আরও ব্যবসায়ীরা বৈধ জবরদখল করা অস্বাভাবিক রেখেছেন তাঁরা। গতবছর নির্মিত ড্রেনের ওপর পর্যন্ত জবরদখল করে দোকানঘর নির্মাণ করে ফেলেছেন। এ ব্যাপারে রহস্যজনক ভাবে মুখে কুলুপ এঁটে বসে আছেন এলাকার বিশিষ্টজনরা। সাধারণ জনগণের তরফে দাবি জোরদার হচ্ছে, পূর্ত বিভাগের জমি বাইরে রেখে কাজিরবাজারে সড়কের দু-পাশে এভাবে ড্রেন নির্মাণ কাজ চললে গণ-আন্দোলন গড়ে তোলা হবে বলে জানিয়েছেন স্থানীয়রা।

করিমগঞ্জের বাজারিছড়ায় অগ্নিকাণ্ড জনতার তৎপরতায় সুরক্ষিত এলাকা


বাজারিছড়া (অসম), ২৪ নভেম্বর (হি.স.): করিমগঞ্জ জেলার পাথারকান্দি বিধানসভা এলাকার লোয়াইরপোয়া রুকের অধীন বাজারিছড়ায় মাকুন্দা রোডে সংঘটিত এক অগ্নিকাণ্ডে বেশ ক্ষয়ক্ষতি হয়েছে। তবে স্থানীয় জনতার তৎপরতায় রক্ষা পেয়েছে এলাকা। গতকাল মঙ্গলবার রাত প্রায় নয়টা নাগাদ মাকুন্দা রোডের জটনিক

রফিক উদ্দিনের বাড়িতে অগ্নিকাণ্ডের ঘটনা সংঘটিত হয়েছে। এতে তাঁর বাড়ির রান্নাঘর ভস্ম হয়ে গেলেও স্থানীয় জনগণের তৎপরতায় দমকল বাহিনী পৌঁছার আগেই আগুন নিয়ন্ত্রণে আসে। আগুন লাগার সঙ্গে সঙ্গে স্থানীয় মসজিদেব মাইকযোগে এলাকার জনগণকে সহায়তার জন্য এগিয়ে আসতে আহ্বান জানানো হয়। এই আহ্বানে সাড়া দিয়ে স্থানীয় মানুষ

যে যার মতো বালাতি ইত্যাদি নিয়ে ছুটে এসে আগুন নেভাতে বাঁপিয়ে পড়েন। ফলে এলাকার বেশ কয়েকটি বাড়ি আগুনের কবলে গ্রাস থেকে রক্ষা পায়। এদিকে কিছুক্ষণের মধ্যে পাথারকান্দি থেকে দুটি ইঞ্জিন দমকল বহিনী ছুটে আসে। তবে তাঁদের আসার আগেই স্থানীয়রা আগুন নিয়ন্ত্রণে নিয়ে আসেন। স্থানীয়দের ধারণা, রান্নাঘরের উনুন

থেকে অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়েছে বলে। ঘটনার খবর পেয়ে বাজারিছড়া থানার পুলিশও অকুস্থলে পেঁচে তদন্ত শুরু করে দেয়। পুলিশ তাৎক্ষণিকভাবে ক্ষয়ক্ষতির পরিমাণ ও আগুন লাগার কারণ সম্পর্কে কিছুই জানতে পারেনি। অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবার অত্যন্ত গরিব। পরিবারের প্রধান রফিক উদ্দিন গাড়ির খালসির কাজ করেন।

হবেকরকম



হবেকরকম



হবেকরকম

পায়ের যত্নে ভিনিগার

পায়ে দুর্গন্ধ হয়! তবে ব্যবহার করতে পারেন ভিনিগার। ভিনিগার গোলানো পানিতে পা ভিজিয়ে রেখে নানান সমস্যা দূর করা যায়। টিপস অ্যান্ড ট্রিক্স ডটকম'য়ে প্রকাশিত প্রতিবেদনে পায়ের যত্নে 'ভিনিগার' ব্যবহারের প্রচলিত ও কার্যকর কিছু পন্থা এখানে দেওয়া হল।

একজিমা কমায়ে: পায়ের সাধারণ ফাঙ্গাসের মধ্যে একজিমা একটি এবং এটা পায়ের তালু ও গোড়ালিতে বেশি দেখা যায়। খালি পায়ে হাঁটা, সুমিং পুলে নামা ইত্যাদি নানান কারণে এই সংক্রমণ দেখা যায়। এর ফলে পায়ের শুষ্কতা, চুলকানি, প্রদাহ ও ফোঁসকা দেখা

দেয়। ভিনিগারের ফাঙ্গাস বিরোধী উপাদান। কড়া ঘ্রাণ ও সংক্রমণ কমাতে সহায়তা করে। পানি মিশ্রিত ভিনিগারের পানিতে ডুবিয়ে রাখলে এক্ষেত্রে ভালো ফলাফল পাওয়া যায়। পায়ের দুর্গন্ধময় ঘাম: পা ও জুতার ঘাম ও ব্যাক্টেরিয়ার কারণে দুর্গন্ধের সৃষ্টি হয়। ভিনিগার ফাঙ্গাস ও ব্যাক্টেরিয়ার বিরুদ্ধে কাজ করে। ঘামের দুর্গন্ধ দূর করতে পা ভিনিগারের পানিতে ডুবিয়ে রাখলে উপকার পাওয়া যায়। নিয়মিত ব্যবহারের এই সমস্যা দ্রুত দূর হয়। অনেকেরই ভিনিগারের গন্ধ পছন্দ করেন না। তাই ভিনিগার ব্যবহারের পরে তা ভালো মতো ধুয়ে নিতে হবে। পায়ের শুষ্কতা ও

পা ফাটার সমস্যা: ভিনিগার পায়ের শুষ্কতা কমায়। এতে পা ফাটার ব্যথা ও অস্বস্তি দূর হয়। এর অল্পতা পায়ের শুষ্কতা কমায় এবং আর্দ্রতা ধরে রাখতে সাহায্য করে। ফলে পা কোমল ও মসৃণ হয়। পায়ের জন্য ভিনিগার বাথ পায়ের আরামের জন্য ভিনিগার বাথ বেশ জনপ্রিয়। বড় এক গ্লাস পরিমাণ ভিনিগার পাতে ঢেলে বা দুই গ্লাস ভিনিগার এক বালতি পানিতে ঢেলে পা ডুবিয়ে রাখতে হবে। ১০ থেকে ২০ মিনিট পা ডুবিয়ে রেখে শুকানোর জন্য কিছুক্ষণ অপেক্ষা করতে হবে। এতে আরাম পাওয়া যাবে। প্রতিদিন ব্যবহারে পায়ের নানাবিধ সমস্যা দূর হয়।

কারও টমেটো, কারও পনিরে আলার্জি

আলার্জি আছে! সেটা আবার কী? এক একজন মানুষ এক একটি জিনিস সহ্যেতে পারেন না। ধূলা, পশম, ঠাণ্ডা, ছত্রাক, কসমেটিকস, ওষুধ, নির্দিষ্ট কিছু খাবারের সঙ্গে আলার্জির যোগ আছে। আবার এমন অনেক কিছুর সঙ্গে আছে, যা আমরা অনেকেই জানি না। কার যে কিসে আলার্জি, আর সেই আলার্জির কী রূপ, আলার্জি হলে কী হয়, সেসবও এক বিরাট মুশকিল। তারকাদের অনেকেইই আলার্জি আছে। জেনে নেওয়া যাক কোন তারকার কোন খাবারে আলার্জি, আর আলার্জি হলে তাঁদের কী হয়।

'বেবি', 'আই ডোট কেয়ার' খ্যাত কানাডীয় সংগীত তারকা জাস্টিন বিবার ২০১৯ সালের অক্টোবরে ইনস্টাগ্রামে পোস্ট করেন, "সবচেয়ে খারাপ খবর হলে আমার ময়দায় আলার্জি! তাই খাবার মুখে দেওয়ার আগে তিনি নিশ্চিত হয়ে নেন তাতে ময়দা নেই।"

অন্যদিকে মার্কিন টেলিভিশন ব্যক্তিত্ব, উদ্‌যোক্তা ও লেখক বেথেনি ফ্র্যাঙ্কেলের আবার বেশির ভাগ মাছে আলার্জি। খাওয়ার আগে সব মাছ চেখে দেখা সম্ভব

নয় বলে মাছ খাওয়া ছেড়েই দিয়েছেন। ২০১৮ সালের ডিসেম্বরে নাকি ভুল করে এক রেস্টুরেন্টে স্যুপ খেয়েছিলেন। সেখানে মেশানো ছিল মাছ। সেবার নাকি প্রায় মরতে বসেছিলেন তিনি। তাই মাছ থেকে এক শ হাত দূরে থাকেন তিনি। ২০১৯ সালের মে মাসে ফ্লোরিডার কনসার্ট বাতিল করেছিলেন "থ্যাংক ইউ ব্লেকট" খ্যাত তারকা শিল্পী আরিয়ানা গ্রান্ডে হঠাৎ অসুস্থ হয়ে পড়েছিলেন তিনি। তাঁর অসুস্থতার জন্য দায়ী একটি টমেটো। নানা পরীক্ষা-নিরীক্ষা করে ডাক্তাররা আরিয়ানার জীবন থেকে টমেটোকে বিদায় জানাতে বলেছিলেন। আরিয়ানা সেই আলার্জিকে বর্ণনা করেছিলেন এভাবে, "মনে হচ্ছিল, আমার সারা গায়ে, গলার ভেতরে ধীরগতিতে খেলা করছিল ক্যাকটাস। মাত্র ২০ বছর বয়সে একজন ইতালীয় নারীর টমেটোতে আলার্জি ধরা পড়ে, এর চেয়ে ট্র্যাজেডি আর কী হতে পারে?" আরিয়ানা গ্রান্ডে আজ থেকে প্রায় ১০ বছর আগের কথা। মার্কিন মিডিয়া ব্যক্তিত্ব কৌটানি কার্ডাশিয়ানের ছেলে মাসন

ডিসিকের বয়স তখন মাত্র ১১ মাস। প্রথমবারের মতো মা তাঁর ছেলেকে পিনাট বাটার সঙ্গে পরিচয় করিয়েছিলেন। সেটা মুখে দেওয়ার সঙ্গে সঙ্গে ছোট মাসনের মুখ বন্ধ হয়ে গেল। চোখ-মুখ গেল ফুলে। অস্বাভাবিক আচরণ করতে লাগল সে। দ্রুত তাঁকে হাসপাতালে নিয়ে প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর সুস্থ হলো কার্ডাশিয়ানের পুত্র। প্রথম দিনেই জানা গেল, মাসনের পিনাট বাটারে আলার্জি। আর কোনো দিন পিনাট বাটার স্পর্শ করেনি মাসন। মডেল কাইলি জেনারের মেয়ে স্ট্রিট ওয়েবস্টারেরও পিনাট বাটারে আলার্জি। শুধু চিনাবাদাম নয়, স্ট্রিটের সব বাদাম ও বাদামজাত খাবারে আলার্জি কাইলি জেনার। আলার্জি হলে কী হয়? গায়ে ছোট ছোট ফুসকুড়ি ওঠে, চুলকানি বা গা ফুলে যায় মার্কিন গায়িকা মাইলি সাইরাস আলার্জির কারণে ওজন হারালেন। মাইলির ভাষায়, "ওজন কমে যাওয়াটা কোনো সমস্যা না। কিন্তু শারীরিকভাবে দুর্বল হয়ে যাওয়া, ওজন হারানোর ফলে রোগপ্রতিরোধ ক্ষমতা হারানো, এগুলো আরও নতুন নতুন সমস্যা তৈরি করেছিল।"

হাঁটার ভুলে হাঁটু ব্যথা

হাঁটা-চলা সুস্থ রাখতে সহায়তা করে। তবে ভুল ভাবে হাঁটা হতে পারে ক্ষতির কারণ। "এক্ষেত্রে যত্নে অতিরিক্ত চর্বি জমা হয়"- বলে জানা যায় যুক্তরাষ্ট্রের 'ন্যাশনাল ইন্সটিটিউট অব হেলথ' (এনআইএইচ) এর কাছে। এই বিষয়ে বোর্ড প্রত্যয়িত অর্থোপেডিক সার্জন এবং 'স্পোর্টস মেডিসিন ফিজিথিয়ান' যুক্তরাষ্ট্রের ডা. জেরোম এনাদ বলেন, "ভুল ধরনের জুতা পরা আগে থাকা হাঁটুর ব্যথা আরও বাড়িয়ে তোলে।"



উদাহরণ দিতে গিয়ে এই চিকিৎসক 'ইট দিস নট দ্যাট ডটকম'য়ে প্রকাশিত প্রতিবেদনে বলেন, "প্যাটলোফেমোরাল সিন্ড্রোম (ভাবসাম্যহীনতার কারণে হাঁটুর সামনের অংশে ব্যথা) যদি থাকে তবে বাকি শোষণ করতে পারে এমন জুতা পরা উচিত। এতে হাঁটার সময় হাঁটু নিরাপদ থাকে।"

অন্যদিকে, হাঁটুর মাঝের অংশে ব্যথা থাকলে নিচু তল বিশিষ্ট জুতা পরা বা হাঁটতে সুবিধা হয় এমন জুতা পরা উচিত। হাঁটার সময় মাটিতে পায়ের পাতা সমতলভাবে পড়লে ব্যথা বাড়িয়ে দেয়।

পাতের ঝাঁকানো অংশ খুব গুরুত্বপূর্ণ। কারণ এটা দেহের স্থিতিশীলতা বজায় রাখে। এই অংশ ভেঙে গেলে পায়ের ভায়াল কমে যায় এবং হাঁটুতে বাড়াতি চাপ পড়ে। ফলে হাঁটুর মাঝামাঝি অংশে ব্যথা হতে পারে।

বিষয়টি জানান যুক্তরাষ্ট্রের 'ব্যুরেজ জিম রিভিউস'য়ের এসিই প্রত্যয়িত ব্যক্তিগত প্রশিক্ষক ও বিশেষজ্ঞ টিজে মেনটাস।

হাঁটার সময় নিতম্ব ও পশ্চাত পেশি ব্যবহার না করা হাঁটা অনেকের কাছেই আলসেমির মতো মনে হতে পারে। হাঁটুর ব্যথা এড়াতে কীভাবে এবং কোথায় হাঁটা হচ্ছে সেদিকে খেয়াল রাখা উচিত।

হাঁটুর ব্যথা এড়াতে নিতম্ব ও পশ্চাতের পেশিগুলোকে সংযুক্ত করা প্রয়োজন। মেনটাস বলেন, "পশ্চাতের পেশিগুলো বড় ও শক্তিশালী। হাঁটার সময় এগুলোর ব্যবহার না করা হলে সংযুক্ত হুলগুণ্ডোতে সমস্যা সৃষ্টি হতে পারে। এই পেশিগুলো যুক্ত না করার ফলে হাঁটুতে বাড়াতি চাপ পড়ে ও বেশি ভার বহন করতে হয়।" পা ব্যথার সময় হাঁটা শরীরচর্চা করার সময় অনেকেই অস্বস্তির স্বীকার হন। তবে এই সময় ব্যথা অনুভব হলে বৃষ্টিতে হলে তা হাঁটুর গুরুতর ক্ষতি করছে। ল'হেলদিল্লাই ডটকম'য়ের ব্যক্তিগত প্রশিক্ষক এবং 'থেরাপিস্ট' কেস্ট প্রোস্ট বলেন, "ব্যথা একটা সংকেত প্রদান করে। যার মাধ্যমে বোঝা যায় যে, এখন থামা উচিত। এবং ব্যথা সৃষ্টি হয় এমন কোনো কাজ এড়িয়ে যাওয়া উচিত।"

প্রতিবেদনগুলো বিবেচনা করেন। "এক্ষেত্রে যত্নে অতিরিক্ত চর্বি জমা হয়"- বলে জানা যায় যুক্তরাষ্ট্রের 'ন্যাশনাল ইন্সটিটিউট অব হেলথ' (এনআইএইচ) এর কাছে। এই বিষয়ে বোর্ড প্রত্যয়িত অর্থোপেডিক সার্জন এবং 'স্পোর্টস মেডিসিন ফিজিথিয়ান' যুক্তরাষ্ট্রের ডা. জেরোম এনাদ বলেন, "ভুল ধরনের জুতা পরা আগে থাকা হাঁটুর ব্যথা আরও বাড়িয়ে তোলে।"



উদাহরণ দিতে গিয়ে এই চিকিৎসক 'ইট দিস নট দ্যাট ডটকম'য়ে প্রকাশিত প্রতিবেদনে বলেন, "প্যাটলোফেমোরাল সিন্ড্রোম (ভাবসাম্যহীনতার কারণে হাঁটুর সামনের অংশে ব্যথা) যদি থাকে তবে বাকি শোষণ করতে পারে এমন জুতা পরা উচিত। এতে হাঁটার সময় হাঁটু নিরাপদ থাকে।"

অন্যদিকে, হাঁটুর মাঝের অংশে ব্যথা থাকলে নিচু তল বিশিষ্ট জুতা পরা বা হাঁটতে সুবিধা হয় এমন জুতা পরা উচিত। হাঁটার সময় মাটিতে পায়ের পাতা সমতলভাবে পড়লে ব্যথা বাড়িয়ে দেয়।

পাতের ঝাঁকানো অংশ খুব গুরুত্বপূর্ণ। কারণ এটা দেহের স্থিতিশীলতা বজায় রাখে। এই অংশ ভেঙে গেলে পায়ের ভায়াল কমে যায় এবং হাঁটুতে বাড়াতি চাপ পড়ে। ফলে হাঁটুর মাঝামাঝি অংশে ব্যথা হতে পারে।

বিষয়টি জানান যুক্তরাষ্ট্রের 'ব্যুরেজ জিম রিভিউস'য়ের এসিই প্রত্যয়িত ব্যক্তিগত প্রশিক্ষক ও বিশেষজ্ঞ টিজে মেনটাস।

হাঁটার সময় নিতম্ব ও পশ্চাত পেশি ব্যবহার না করা হাঁটা অনেকের কাছেই আলসেমির মতো মনে হতে পারে। হাঁটুর ব্যথা এড়াতে কীভাবে এবং কোথায় হাঁটা হচ্ছে সেদিকে খেয়াল রাখা উচিত।

হাঁটুর ব্যথা এড়াতে নিতম্ব ও পশ্চাতের পেশিগুলোকে সংযুক্ত করা প্রয়োজন। মেনটাস বলেন, "পশ্চাতের পেশিগুলো বড় ও শক্তিশালী। হাঁটার সময় এগুলোর ব্যবহার না করা হলে সংযুক্ত হুলগুণ্ডোতে সমস্যা সৃষ্টি হতে পারে। এই পেশিগুলো যুক্ত না করার ফলে হাঁটুতে বাড়াতি চাপ পড়ে ও বেশি ভার বহন করতে হয়।" পা ব্যথার সময় হাঁটা শরীরচর্চা করার সময় অনেকেই অস্বস্তির স্বীকার হন। তবে এই সময় ব্যথা অনুভব হলে বৃষ্টিতে হলে তা হাঁটুর গুরুতর ক্ষতি করছে। ল'হেলদিল্লাই ডটকম'য়ের ব্যক্তিগত প্রশিক্ষক এবং 'থেরাপিস্ট' কেস্ট প্রোস্ট বলেন, "ব্যথা একটা সংকেত প্রদান করে। যার মাধ্যমে বোঝা যায় যে, এখন থামা উচিত। এবং ব্যথা সৃষ্টি হয় এমন কোনো কাজ এড়িয়ে যাওয়া উচিত।"

চায়ের সঙ্গে টা ছোলা—চাট

উপকরণ : আলু সেদ্ধ করে টুকরা করে নেওয়া ১ কাপ, ছোলা ৮ ঘণ্টা ভিজিয়ে নিয়ে সেদ্ধ করে নেওয়া ২ কাপ, টমেটোকুচি স্বাদমতো, শসাকুচি স্বাদমতো, ধনেপাতাকুচি ২ টেবিল চামচ, পেঁয়াজ ছোট কিউব আধা কাপ, কাঁচা মরিচ পছন্দমতো, টালা মরিচের গুঁড়া স্বাদমতো, লবণ স্বাদমতো, ঝুরি ভাজা সাজানোর জন্য, তেঁতুলের সস পরিমাণমতো, টক দইয়ের সস ও সবুজ সস। তেঁতুলের সস বানাতে: তেঁতুলের পাতলা মাড় ১ কাপ, আখের গুড় ২ টেবিল চামচ, ভাজা ধনেগুঁড়া ১ চা-চামচ, ভাজা জিরাগুঁড়া ১ চা-চামচ, ভাজা পঁচফেঁদনগুঁড়া ১ চা-চামচ, ভাজা মরিচের গুঁড়া ১ চা-চামচ, বিটলবণ আধা চা-চামচ, শুকনো মরিচ ফাঁকি আধা চা-চামচ (কমবেশি করা যাবে), লবণ স্বাদমতো।

চিড়া দিয়ে ডুবো তেলে ভেজে নিতে হবে। নারকেল টুকরা অন্য একটি কড়াইতে টেলে নিতে হবে। এবার নারকেল নামিয়ে ওই কড়াইতেই এক টেবিল চামচ পানি দিয়ে দিন। গুড় গলিয়ে ঘন শিরায় মরিচগুঁড়া ও ঘি দিয়ে দিন। এবার নারকেল দিয়ে একে একে অন্য সব উপকরণ দিয়ে দিন। ঘন ঘন নাড়ুন। শিরা মাথো মাথো হয়ে এলে নামিয়ে নিতে হবে। ৬.৬মুগ ডাল ভাজা উপকরণ: কাঁচা মুগ ডাল ১ কাপ, বেকিং সোডা আধা চা-চামচ, ডুবো তেলে ভাজার জন্য তেল পরিমাণমতো, বিট লবণ সামান্য, লবণ স্বাদমতো, লাল মরিচগুঁড়া ১ চা-চামচ, গরমমসলার গুঁড়া।

প্রণালি: আলু তিন কোনো আকৃতিতে লম্বা লম্বা করে কেটে ধুয়ে সামান্য লবণ দিয়ে পানিতে আধা সেদ্ধ করে নিন। একটি বাটিতে ডিম ফেটিয়ে তাতে দুধ দিয়ে ভালো করে মিশিয়ে নিন। এরপর আলুর টুকরাগুলো ঠান্ডা করে ডিমের মিশ্রণে মাথিয়ে রাখুন। একটি পাত্রে ময়দা, কর্নফ্লাওয়ার, মরিচগুঁড়া, গোলমরিচের গুঁড়া, লবণ, মিজড হার্বস, চিলি ফ্লেঞ্জ একসঙ্গে মিশিয়ে নিন। এবার দুধের মিশ্রণে ডুবিয়ে রাখা আলুগুলো তুলে একটা একটা করে শুকনা ময়দায় ভালো করে গড়িয়ে তুলে রাখুন। অনেকটা তেল গরম করে মাঝারি আঁচে গুয়েজেসগুলো ভেজে তুলুন অথবা ইলেকট্রিক ওভেনে ২০০ ডিগ্রি থ্রি হিটে ২০ মিনিট বেক করুন। সস দিয়ে গরম-গরম পরিবেশন করুন। ৬.৫মুগরিগরি পপকর্ন ম্যারিনেশনের জন্য উপকরণ: মুগরিগরি (ছোট কিউব কাট) ২ কাপ, আদাবাটা ১ চা-চামচ, রসুনবাটা ১ চা-চামচ, গোলমরিচের গুঁড়া ১ চা-চামচ, লবণ পরিমাণমতো, লাল মরিচগুঁড়া আধা চা-চামচ ও বাটার মিশ্র (১ কাপ দুধে ১ টেবিল চামচ ভাজুন। ডাল ঠিকমতো ভাজা হয়েছে কি না, বোঝার জন্য বৃন্দুদের দিকে লক্ষ রাখতে হবে। যখন তেলে বৃন্দুদ কম উঠবে তখন বৃষ্টিতে হবে ভাজা হয়ে গেছে। ডালগুলো যখন ভাজতে থাকবেন তখন একটা প্যানের ওপর বড় ছাঁকনি বসিয়ে রাখবেন। ডাল ভাজা হয়ে গেলে সরাসরি ছাঁকনির ডালগুলো ঢেলে নিয়ে প্লেটে বরিয়ে নিন। এবার একটি প্লেটে টিস্যু পেপার বিছিয়ে ওপরে ভেজে নেওয়া ডালগুলো রাখুন, যাতে অতিরিক্ত তেল শুষে নেয়। ভেজে নেওয়া ডালগুলোতে এবার মসলা মাথিয়ে নিন ভালো করে। বাতাস যাবে না এমন একটি কৌণায় ভরে রাখুন এবং বিকেলের চায়ের আড্ডায় পরিবেশন করুন। ৬.৪পটেটো গুয়েজেস উপকরণ: বড় আলু (তিন কোনো করে কাটা) ৫—৬টি, দুধ ১ কাপ, ডিম ১টি, ময়দা ১ কাপ, কর্নফ্লাওয়ার ২ টেবিল চামচ, লবণ স্বাদমতো, মরিচগুঁড়া ১ চা-চামচ, গোলমরিচের গুঁড়া আধা চা-চামচ,

কালো ব্রণ তাড়াতে



বর্ষার আর্দ্রতা ত্বকের সমস্যা বেড়ে যায় বহুগুণ। তেজা আবহাওয়ার কারণে ত্বকে ময়লা জমে সহজেই এ থেকেই হতে পারে ব্রণ হেডসের মতো সমস্যা। এটিকে ত্বকের ছোট সমস্যা মনে হলেও ব্রণ হেডস ত্বকের উজ্জ্বলতা নষ্ট করে দেয়। দীর্ঘদিন পরিষ্কার না করলে অনেক সময় স্থায়ীভাবেও দাগ হয়ে যেতে পারে। মুখে তৈলাক্ত ভাব ও ধূলাবালি জমে থাকার কারণে ত্বকে ব্রণ হেডসের মতো সমস্যা দেখা দেয়। ব্রণ হেডস একধরনের ব্রণ। এতে ত্বকে একধরনের কালো গুঁড়ি গুঁড়ি ছোট ছোট তৈরি হয়; যা সাধারণত নাক, কপাল ও গালের আশপাশেই বেশি দেখা যায়। এটিকে একধরনের খোলা ছিদ্রযুক্ত ব্রণও বলা যেতে পারে। যা তেল, ধূলা—বালি ও মৃতকোষ দিয়ে ভরা থাকে। ব্রণ হেডসের কারণে মুখের লাগবা একেবারেই হারিয়ে যায় বলছিলেন বিদ্বিমা এক্সপ্লুসিভ

ব্রণ হেডস। ঘরোয়া উপাদান ব্যবহার করেও ব্রণ হেডস দূর করা যেতে পারে।

জন্য আলোভেরা জেলের তুলনা হয় না। শুধু এই জেল মুখে লাগিয়ে ১০ মিনিট পর ধুয়ে ফেলুন। মুহূর্তেই ত্বক উজ্জ্বলতা বেড়ে যাবে।

নারকেল তেল প্রতিদিন রাতে ঘুমানোর আগে ত্বকে নারকেল তেল ব্যবহার করে লাগিয়ে সকালে ধুয়ে ফেলুন। তবে তেলে ব্রণ তৈরি হলে ব্যবহার না করা ভালো। ভিনেগার ভিনেগারের রয়েছে অ্যান্টি ব্যাকটেরিয়াল উপাদান, যা ত্বকে থাকা ব্যাকটেরিয়া দূর করে। কিছুটা তুলায় ভিনেগার লাগিয়ে ত্বকে ব্যবহারের পর তা শুকিয়ে গেলে কুসুম গরম পানি দিয়ে ধুয়ে ফেলুন।

আরও কিছু পরামর্শ ব্রণ হেডস পরিষ্কার করার পর টেনিং করতে হবে অবশ্যই। কারণ, টেনিং না করলে লোমকূপের ছিদ্র বড় হয়ে যাবে। বিশেষ কিছু মালিশের মাধ্যমে ব্রণ হেডসের মতো হেডস পরিষ্কার করা যায়। বিশেষ এই পদ্ধতিগুলো জেনেই মালিশ করতে হবে। এর ফলে ত্বকের অন্যান্য সমস্যাও দূর হবে। প্রতিদিন অন্তত দুবার মুখ পরিষ্কার করতে হবে। শরীর ও মুখ মোছার জন্য আলাদা তোয়ালে ব্যবহার করা উচিত। এ ছাড়া ব্রণ হেডসের সমস্যা কমাতে যতখানি সম্ভব তেলে ভাজা খাবার কম খেতে হবে।

বাইরে গেলে মাস্ক, না ফেস শিল্ড

করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে বাইরে গেলে মাস্ক পরা বাধ্যতামূলক। কেউ কেউ আবার ফেস শিল্ড বা স্চছ প্লাস্টিকের মুখাবরণ পরছেন। অনেকের মনেই প্রশ্ন জেগেছে, শুধু মাস্ক পরলেই হবে, নাকি ফেস শিল্ডও ব্যবহার করা উচিত। গবেষণা বলছে, তিন স্তরের কাপড়ের মাস্ক ঠিকভাবে পরলে এবং সামাজিক দূরত্বের নিয়মকানুন সঠিকভাবে অনুসরণ করলে সংক্রমণ থেকে ৯০-৯৫ শতাংশ সুরক্ষা পাওয়া যায়। কিন্তু অনেকে মাস্ক ঠিকভাবে সামলাতে পারেন না। কথা বলার সময় নাক-মুখ বের করে ফেলেন, কারণে-অকারণে থুতনির নিচে মাস্ক নামিয়ে রাখেন। কেউ কেউ আবার চিলেচালা মাস্ক ব্যবহার করেন, ফলে চারপাশে ফাঁকি হয়ে যায়। অনেকে আবার মাস্কের বাইরের অংশে বারবার হাত দেন এবং সেই হাত না ধুয়েই নাক-মুখ-চোখ স্পর্শ করেন। কেউ কেউ মাস্ক না ধুয়ে অথবা একবার ব্যবহার করে মাস্ক ফেলে না দিয়ে টানা ব্যবহার করতে থাকেন। এতে সংক্রমণ প্রতিরোধ হয় না। উল্টো বিপদ



করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে বাইরে গেলে মাস্ক পরা বাধ্যতামূলক। কেউ কেউ আবার ফেস শিল্ড বা স্চছ প্লাস্টিকের মুখাবরণ পরছেন। অনেকের মনেই প্রশ্ন জেগেছে, শুধু মাস্ক পরলেই হবে, নাকি ফেস শিল্ডও ব্যবহার করা উচিত। গবেষণা বলছে, তিন স্তরের কাপড়ের মাস্ক ঠিকভাবে পরলে এবং সামাজিক দূরত্বের নিয়মকানুন সঠিকভাবে অনুসরণ করলে সংক্রমণ থেকে ৯০-৯৫ শতাংশ সুরক্ষা পাওয়া যায়। কিন্তু অনেকে মাস্ক ঠিকভাবে সামলাতে পারেন না। কথা বলার সময় নাক-মুখ বের করে ফেলেন, কারণে-অকারণে থুতনির নিচে মাস্ক নামিয়ে রাখেন। কেউ কেউ আবার চিলেচালা মাস্ক ব্যবহার করেন, ফলে চারপাশে ফাঁকি হয়ে যায়। অনেকে আবার মাস্কের বাইরের অংশে বারবার হাত দেন এবং সেই হাত না ধুয়েই নাক-মুখ-চোখ স্পর্শ করেন। কেউ কেউ মাস্ক না ধুয়ে অথবা একবার ব্যবহার করে মাস্ক ফেলে না দিয়ে টানা ব্যবহার করতে থাকেন। এতে সংক্রমণ প্রতিরোধ হয় না। উল্টো বিপদ

বেড়ে যায় ফেস শিল্ডের সুবিধা হলো, এতে কপাল থেকে চিবুক ছাপিয়ে ঢাকা থাকে। ফলে চোখে আলাদা করে গগলস বা চশমা পরতে হয় না, কথা বলতেও সুবিধা হয়। শিল্ড পরা থাকলে চাইলেও অজাডে চোখে-মুখে-নাকে হাত দেওয়া যায় না, ফলে সংক্রমণের আশঙ্কা কমে। বাঁদের মাস্ক পরলে দম বন্ধ লাগে, ফেস শিল্ডেই হতে পারে ভালো বিকল্প। তবে কাজের সময় চিকিৎসক, স্বাস্থ্যকর্মী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের মাস্কের পর শিল্ড পরতে হবে। এতে বাড়াতি নির্ধারণে যদি কেউ হাঁচি-কাশি দেন, জোরে কথা বলেন বা হাসেন, সে ক্ষেত্রেও ৯৬ শতাংশ সুরক্ষা পাওয়া যায় শিল্ডের কিছু

সীমান্তে কাঁটাতার না থাকায় অবাধে চলছে মাদক পাচার

নদিয়া, ২৪ নভেম্বর (হি. স) : শীতের সকালে ঘন কুয়াশার জেরে দুশ্যমানতা খুবই কম। সেই সুযোগ কাজে লাগিয়ে বাংলাদেশ সীমান্তে চোরাকারবারীদের বেশ কয়েকটি গ্যাং সক্রিয় হয়ে উঠেছে। উত্তরবঙ্গ থেকে মাদক এনে বাংলাদেশে পাচারের জন্য নদিয়ার সীমান্তকে করিডর হিসেবে ব্যবহার করা হচ্ছে।

জেলার পূর্বদিকে প্রায় ২০ কিলোমিটার সীমান্তে কাঁটাতারের বেড়া নেই। ফলে ওই এলাকা চোরাদালানের মুক্তাঞ্চলে পরিণত হয়েছে। সম্প্রতি বিএসএফ জওয়ানরা বেশ কয়েকজন মাদক পাচারকারীকে হাতেনাতে ধরে ফেলে। তাদের থেকে গাঁজা, নিষিদ্ধ কাশির সিরাপ প্রভৃতি উদ্ধার হয়। বৃথবার বিএসএফ দক্ষিণবঙ্গ ফ্রন্টিয়ারের এক কর্তা বলেন, সীমান্তে চোরাকারবার আটকাতে আমাদের জওয়ানরা সবসময় অভিযান চালাচ্ছে। ফলে বিভিন্ন সময়ে চোরাদালান আটকানো সম্ভব হচ্ছে। অনেক পাচারকারীকে পাকড়াও করে সংশ্লিষ্ট থানার হাতে তুলে দেওয়া হয়েছে। বৃথবার গোয়েন্দা সূত্রে জানা গিয়েছে, সম্প্রতি পুলিশ অভিযানে উত্তরবঙ্গের বেশ কয়েকটি জেলায় প্রচুর পরিমাণ গাঁজা উদ্ধার হয়েছে। বৃথদের জিজ্ঞাসাবাদ করে পুলিশ জানতে পেরেছে, উদ্ধার হওয়া গাঁজা বাংলাদেশে পাচারের জন্যই নদিয়ায় নিয়ে আসা হচ্ছিল। নদিয়ার রানাঘাট পুলিশ জেলার এক কর্তা বলেন, মাসখানেক আগেও নাকা চেকিংয়ের সময় তাহেরপুরে প্রায় ৫০ কেজি গাঁজা উদ্ধার হয়। দুই পাচারকারি দামি চারচাকা গাড়িতে করে শিলিগুড়ি থেকে ওই গাঁজা নিয়ে আসছিল। একে গাজা গত আগস্ট মাসের শেষের দিকে শিলিগুড়ি থেকে গাঁজা নিয়ে আসার সময় মুর্শিদাবাদে নদিয়ার করিমপুরের গৃহবন্দ মমতা বিবি পুলিশের জানে ধরা পড়ে। তার স্বামী বাবর আলী আইই আলিপুরদুয়ার থেকে গাঁজা আনতে

গিয়ে সেখানকার পুলিশের হাতে ধরা পড়ে যায়। তারপর থেকে স্বামীর চোরাকারবারকে পেমা হিসেবে বেছে নিয়েছিল মমতা। পুলিশ সূত্রে জানা গিয়েছে, বাংলাদেশ সীমান্ত লাগোয়া জেলায় মোট আটটি থানা রয়েছে। জেলার পূর্ব দিকে মোট ১৬৬.৯ কিলোমিটার দৈর্ঘ্য রয়েছে ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্ত। তারমধ্যে ১৪৩.৪ কিলোমিটার কাঁটাতারের বেড়া রয়েছে। কিন্তু ২০.৫ কিলোমিটার এলাকায় কাঁটাতারের বেড়া নেই। তারমধ্যে প্রায় পাঁচ কিলোমিটার আবার রয়েছে নদীপথ। তাই স্বাভাবিক কারণেই বাংলাদেশ থেকে দুর্ভুক্তীরা এদেশে এসে অপরাধমূলক কাজ করে বাংলাদেশে পালিয়ে গিয়ে গা ঢাকা দেয়। এদেশের দুর্ভুক্তীরাও আবার অনেক সময় রাতের অন্ধকারে সহজেই বাংলাদেশে পালিয়ে যায়। কাঁটাতার না থাকা ওইসকল এলাকায় সহজেই মাদক, সোনার বিস্কুট, বিদেশি পাখি প্রভৃতি পাচারের ঘটনা একাধিকবার ঘটেছে।

গোয়েন্দাদের দাবি, কয়েক বছর আগেও চোরাপথে দু’ দেশের মাদক কারবারের সঙ্গে সরাসরি মহিলারা যুক্ত ছিল না। ইদানিং মাদক পাচারে সরাসরি মহিলাদের যোগ থাকার একাধিক ঘটনা সামনে এসেছে। মুক্তা, গোয়েন্দাদের নজর এড়াতে মহিলাদের সামনে কাজ হালি করতে চাইছে পাচারকারীরা। সূত্র মারফত জানা গিয়েছে, সীমান্তে কাঁটাতারে লাগোয়া অধিকাংশ এলাকায় রয়েছে কৃষিজমি। ওই জমিতে চাষের কাজের নামে বিভিন্ন সময়ে মহিলা মাদক পাচার করছে। জওয়ানদের গির্বেধি দেখলেই তারা চাষের জমিতেই ওই মাদক লুকিয়ে ফেলেছে। পাশাপাশি শীতের সকালে সীমান্তের গ্রামীণ এলাকা কুয়াশার চারের ঢাকা থাকে। তাই মাদক পাচারের জন্য ওই সময়টা কাজে লাগাতে চায় কারবারিরা।

কাছাড় জেলার লক্ষ্মীপুর শহরে জাতীয় সড়কে উদ্ধার বোমা

শিলাচর (অসম), ২৪ নভেম্বর (হি.স.) : কাছাড় জেলার লক্ষ্মীপুরে অসম-মণিপুর সংযোগী ৩৭ জাতীয় সড়কের একটি কালভার্টের নীচে উদ্ধার হয়েছে বোমা। আজ বৃথবার সকালে বোমাটি উদ্ধার করা হয়েছে। আজ সকালে শহরের মানুষজন প্রথমে কালভার্টের নীচে কালো পলিথিনে মোড়া কোনও একটি জিনিস দেখে তা বোমা বলে সন্দেহ করেন। তাঁরা খবর দেন থানায়। খবর পেয়ে লক্ষ্মীপুর থানার পুলিশ ঘটনাস্থলে এসে পলিথিনে মোড়া জিনিসকে বোমা বলে নিশ্চিত হয়। বিষয়টি তাঁরা সঙ্গে সঙ্গে উর্দান কর্তৃপক্ষকে জানান। পরে শিলাচর থেকে বোমা বিশেষজ্ঞ দল সহ পুলিশের বিশাল বাহিনী ঘটনাস্থলে গিয়ে উপস্থিত হয়। এর পর বোমাটি নিষ্ক্রিয় করেছেন বোমা বিশেষজ্ঞরা। এদিকে বোমা উদ্ধারের ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

কাছাড়ের পুলিশ সুপার ড় রমণদীপ কৌর জানিয়েছেন, বোমাটি ছিল আইইডি। কে এবং কী উদ্দেশ্যে বোমাটি সেখানে রাখাছিল, তা এখনও স্পষ্ট নয়। তবে পুলিশ ঘটনার তদন্ত করছে।

এখানে উল্লেখ করা যেতে পারে, অসম-মণিপুর ৩৭ নম্বর জাতীয় সড়ক দিয়ে পের্ভোপাণা ছাড়াও অন্যান্য নিত্য প্রয়োজনীয় সামগ্রী যায় মণিপুরে। জাতীয় সড়কে আইইডিটি কোনও জঙ্গি গোষ্ঠী রেখেছে কি না তা খতিয়ে দেখা হচ্ছে বলে জানান পুলিশ সুপার ড় কৌর।

বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ
জাগরণ প্রক্রিয়ায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ করা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।
বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

জরুরী পরিষেবা

হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ চক্ষুব্যাঙ্ক : ৯৪৩৬৪৬২৮০০। অ্যাম্বুলেন্স : একতা সংস্থা : ৯৭৭৯৯৮৯৯৬ নু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, শিবনগর মর্ডার ক্লাব : ও আমরা তরুণ দল : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় : ৭৬৪২৮৪৪৬৬৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ কর্ণেল চৌমুহনী বুথ সংস্থা : ৯৮৬২৫৭০১১৬/সহেতি ক্লাব : ৮৭৯১১ ৬৮২৮১, অনীক ক্লাব : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৪৪৩০১, রামকৃষ্ণ ক্লাব : ৮৭৯১১৬৮৮৮ শতদল সংঘ : ৯৮৬২৯৩৭৮০, প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) : ৯৭৭৪১১৬৬২৪, রেডক্রস সোসাইটি : ২৩১-৯৬৭৮, টিআরটিসি : ২৩২৫৬৮৫, এগিয়ে চলো সংঘ : ৯৪৩৬১২১৪৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় : ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফাউন্ডেশন : ২৩২৬১০০। চাইল্ড লাইন : ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘণ্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি : ২৩৫-৬২৮৮ (পি বি এন্ড), আইজিএম : ২৩২-৫৭৩৬, আই এল এস : ২৪১৫০০০/৮৯৭৪০৫০০০ কসমোপলিটন ক্লাব : ৯৮৫৬৩ ৩৩৭৬৬, শববাহী যান : নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪৩১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা : ৭৬৪২৮৪৪৩০১ বটতলা নাগেরজলা স্ট্যাড ডেভেলপমেন্ট সোসাইটি : ০৩৮১-২৩৭১-১২৩৪, ৮৯৭৪৮৬০৩০৫, ৯৮৬২৭০২৮২৩, সমাজ কল্যাণ ক্লাব : ৯৭৭৪৬৭০২৪২, সংযোগ সংঘ : ৯৪৩৬১৬৬৫২১, ৯৮৫৬৮৬৭১১২০, নু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক অ্যান্ড সার্ভিসেস : ২৩৮-৬৪২৬, ত্রিপুরা ট্রাক অপারেশন্স অ্যাসোসিয়েশন : ২৩৮-৬৪২৬, রিলিভার্স : ৮৮৩৭০৫৯৫৯৮, কুঞ্জরন স্পোর্টিং ইউনিয়ন : ৮৯৭৪৫৮১৮০, ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি : ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) : ৮৭২৯৯১১২৩৬, আগস্টক ক্লাব : ৭০০৫৪৬০০৩৫/৯৪৩৬৯১৮৯১, ত্রিপুরা নির্মাণ অগ্রিক ইউনিয়ন : ৮২৫৬৯৯৭ ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন : ১০১/২৩২-৫৬০৬, বাধারঘাট : ১০১/২৩৭-৪৩৩৩, কুঞ্জরন : ২৩৫-৩১০১, মহারাাজগঞ্জ বাজার : ২৩৮ ৩১০১ পুলিশ : পশ্চিম থানা : ২৩২-৫৭৬৫, পূর্ব থানা : ২৩২-৫৭৭৪, আমতলা থানা : ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা : ২৩৪-২২৫৮, সিটি কমিউনিটি : ২৩২-৫৭৪৪, বিদ্যুৎ : বনমালীপুর : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। দুর্গা চৌমুহনী : ২৩২-০৭৩০, জিবি : ২৩৫-৬৪৪৮। বড়দোয়ালী : ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম : ২৩২-৬৪০৫। ব্রিহানবন্দর এয়ার ইন্ডিয়া : ২৩৪১৯০২, ২৩৪-২০২৫, এয়ার ইন্ডিয়া টেল ফ্রি নম্বর : ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, ইন্ডিগো : ২৩৪-১১২৬৩, স্পাইট স্কেট : ২৩৪-১৭৭৮, রেল সার্ভিস : রিজার্ভেশন : ২৩২-৫৫৩৩ আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং : ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন : ০৩৮১-২৩৭৪৫১৫।

এসএসসি পরীক্ষায় দুর্নীতির প্রতিবাদে বাম পড়ুয়াদের মিছিলকে কেন্দ্র করে উত্তেজনা

কলকাতা, ২৪ নভেম্বর (হি. স.) : স্কুল সার্ভিস কমিশন নিয়ে দুর্নীতির প্রতিবাদে মঙ্গলবার বাম পড়ুয়াদের বিক্ষোভ মিছিলকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায় স্কটল্যান্ডের করণাময়ীতে স্কুল সার্ভিস কমিশনের দফতরের সামনে।

ব্যারিকেড ভেঙে মিছিল এগোতেই বাধা দেয় পুলিশ। এরপরই শুরু হয় ব্যাপক ধসাত্মক। একে একে কর্মী সমর্থকদের গ্রেফতার করে পুলিশ। মিছিলে ছিলেন সৃজন ভট্টাচার্য, মীনাঙ্কী মুখোপাধ্যায়, দেবপ্রসন্ন দে সহ একাধিক নেতা-নেত্রী। ছাত্র-যুবদের সেই মিছিলের বিবিসি ধরে এক দিন দফায় দফায় উত্তেজনা ছড়ায় এসএসসি অফিসের সামনে।

বিক্ষোভকারীদের দাবি, শিক্ষামন্ত্রী-সহ প্রশাসনের তরফ থেকে ক্ষমা চাইতে হবে তাঁদের কাছে। কেউ ক্ষমা না চাওয়া পর্যন্ত তাঁরা সরবেন না। তাঁদের অভিযোগ, পুলিশ মহিলা সমর্থকদের সঙ্গে অভব্য আচরণ করেছে। বাম নেত্রী মীনাঙ্কীকে রাস্তায় টানতে টানতে নিয়ে যায় পুলিশ। রিয়াজুল করিম নামে এক সমর্থক মিছিলের মাঝেই অসুস্থ হয়ে পড়েন।

বাম নেতা-কর্মীরা বলে ওঠেন, ‘কর্মীরা আর একটা সুলীপু বা মহিউলের পরিগণিত চান না তাঁরা। একে একে প্রায় সৃজন, মীনাঙ্কী সহ সব নেতা- কর্মী বা সমর্থককেই গ্রেফতার করা হয়। তাঁদের বিধাননগর পূর্ব থানায় নিয়ে যাওয়া হয়। খবর পেয়েই থানায় যান বাম নেতা সৃজন চক্রবর্তী।

উল্লেখ্য, সম্প্রতি এসএসসির দুর্নীতি সংক্রান্ত একটি মামলায় হাইকোর্ট সিবিআই তদন্তের নির্দেশ দেয়। ২০১৬ সালে রাজ্যে গ্রুপ ডি নিয়োগের বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল। সেই মতো ১৩ হাজার নিয়োগ হয়। ২০১৯ সালের মে মাসে সেই গ্রুপ ডি প্যানেলের ফলাফল পেশ হয়। তারপরও একাধিক নিয়োগ করা হয়েছে বলে অভিযোগ। ২৫ জনের নিয়োগের সুপারিশের কথা জানা গিয়েছে। সেই তথ্য হাইকোর্টের হাতে আসে। কী ভাবে মোয়দ উজ্জীর্ণ নিয়োগ তালিকা থেকে নিয়োগ তারই কৈফিয়ত চায় হাইকোর্ট। যদিও আপাতত সেই নির্দেশে স্থগিতাদেশ দিয়েছে হাইকোর্টের ডিভিশন বেঞ্চ।

রাজ্যে আন্দোলন সংগঠিত করবে গণমুক্তি পরিষদ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ নভেম্বর। বৃথবার ত্রিপুরা উপজাতি গণমুক্তি পরিষদের কর্ম পরিষদের বৈঠক অনুষ্ঠিত হয়। রাজনৈতিক, সাংগঠনিক বিষয়ে এদিন বৈঠকে আলোচনা হয়। আগামী ২৫ নভেম্বর জেলার পর রাজ্যে কাজ, খাদ্য ও কর্মসংস্থানের অভাব এবং অতিরিক্ত ব্রহ্মচর্যের বৃদ্ধির বিরুদ্ধে জমায়েত, মিছিল, আন্দোলন, কনভেনশন সংঘটিত করা হবে। পাশাপাশি ব্লক, মহকুমার শাসক, জেলাশাসক পঞ্চায়েত ও গুলিতে অধিকারিকের কাছে ডেপুটেশন প্রদান করা হবে। ব্যাপক আন্দোলন গড়ে তোলা হবে রাজ্যে।

বৃথবার রাজ্য কার্যালয়ে সাংবাদিক সম্মেলন করে এ কথা জানান ত্রিপুরা উপজাতি গণমুক্তি পরিষদের সাধারণ সম্পাদক রাখাচরণ দেববর্মা। তিনি বলেন আগামী ২৭ ডিসেম্বর ৭৭ তম ঐতিহাসিক জনশিক্ষা দিবস। জন শিক্ষা দিবস উপলক্ষে সাত দিনব্যাপী চলবে নানা কর্মসূচি। জনশিক্ষা সম্পর্কে মানুষকে সচেতন করতে কর্মশালা, শোভাযাত্রা, খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান করা হবে। ২ জানুয়ারি পর্যন্ত চলবে কর্মসূচি। এই কর্মসূচি বিশেষভাবে পালন করার মূল উদ্দেশ্য হলো আধা ফ্যাসিস্ট সুলভ সরকার চলাচ্ছে। এবং বর্তমান সময়ে এ জনশিক্ষার বিশেষ গুরুত্ব বহন করে দশরথ দেব। দশরথ দেবের গুরুত্বপূর্ণ দিক কর্মসূচিগুলিতে তুলে হবে বলে জানান তিনি। তিনি বলেন, ১২৫ তম পার্লামেন্ট সংবিধান সংশোধনী বিল উপস্থাপন করা হয়েছিল। এটি আগামী শীতকালীন পার্লামেন্ট অধিবেশন পাশ করার জন্য দাবি জানানো হচ্ছে। এছাড়াও ককবরক ভাষা অষ্টম তপশীল ভাষা হিসেবে পাশ করতে দাবি তোলা হচ্ছে। রাজ্যের জন জন্মজাতিদের দীর্ঘদিনের দাবি। এতে ভাষার বিকাশ হবে। আর এটা একটি রাস্তার দায়িত্ব। বিজেপি সরকার আসার পর ৬২ টি স্কুল এবং ২২ টি কলেজে ককবরক ভাষা পঠন-পাঠন বন্ধ হয়ে যায়। ককবরক ভাষা কংগ্রেস আমলে অবজ্ঞা করা হতো। বাম আমলে ভাষার বিকাশ ঘটানো হয়। এখন নতুন করে বিতর্ক সৃষ্টি করা হচ্ছে। দেবনাগরী হবে নাকি রোমান হরফে হবে এ ভাষার বাংলা সাথে শুভাত্তর রয়েছে। এখন দেবনাগরী হচ্ছে এ ভাষা ব্যবহার করা হচ্ছে। একটি প্রতিযোগিতা জানানো হয় বলে জানান তিনি।

ফেরারের

● **আটের পাতার পর**

টিভির এডিটর সৃজিত ত্রিপুরার উপর কিছুমুখ্যক দুর্ভুক্তকারী প্রানঘাতী হামলাকরে। এহিনিয়ে ২০ শে নভেম্বর মনপাথার ফাঁড়ী খানায় লিখিত অভিযোগ জানানোর পর এখন পর্যন্ত পুলিশ দুর্ভুক্তকারীদের আটক করতে সক্ষমহয়নি। বৃথবার এইঘটনার সূত্রভিত্তিক সূত্রীতে মনপাথার ফাঁড়ী খানায় ও পরবর্তী সময় শান্তির বাজার ওসি দাবিত চক্রবর্তীর সঙ্গে সাক্ষাৎকারে মিলিত হন অল ত্রিপুরা ককবরক মিডিয়া ফেরারের সদস্যরা। উনারা জানান আগামীকিছুদিনের মধ্যে পুলিশ দুর্ভুক্তকারীদের আটক না করে তাহলে উনারা আগামীদিনে বৃথরা আন্দোলনে সামিলহবেন। তারপাশাপাশি উনারা এইরকনের ঘটনা ব্রিতানিয়া জানান।

পুর নিগমের ভোট : আগরতলায় বহিরাগতদের আগমন ঘিরে উদ্বেগ প্রকাশ কংগ্রেসের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ নভেম্বর। সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছে পুর ভোটে প্রতিটি বুথে আধাসামরিক বাহিনী থাকবে। অথচ আগরতলা পুর নিগম দখল করতে বিজেপি বিশালগড়, মজলিশপুর, মোহনপুর এবং অন্যান্য জায়গা থেকে লোক এনেছে। বিষয়টি জানিয়ে কংগ্রেস নির্বাচন কমিশনকে অবহিত করেছে। -এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছে কংগ্রেস। রাজ্যের জনগণ বিজেপির অন্যায়ের বিরুদ্ধে লড়াইবে এবং ভোটাধিকার প্রয়োগ করবেন বলে আশা ব্যক্ত করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি বিরজিত সিনহা। তিনি বলেন ত্রিপুরার পুরভোটের নিরাপত্তার বিষয়ে সুপ্রিম কোর্ট একটি নির্দেশ দিয়েছে। - কিন্তু রাজ্য সরকার সেই আদেশ মেনে চলবে কি না সেটাই দেখার বিষয় বিজেপির গুন্ডারা সর্বভারতীয় কংগ্রেস প্রার্থীদের, প্রধানত মহিলা প্রার্থীদের লক্ষ্য করছে এবং তাদের হয়রানি ও লাঞ্চিত করছে - এমনকী তারা তাদের বাড়িতেও হামলা চালিয়েছে বলে অভিযোগ নির্বাচন ষোষণার পর থেকে - ২৭টি এফআইআর দায়ের করা হয়েছে। বিজেপির গুন্ডারা পোলিং এজেন্টদের বাড়িতে হানা দিচ্ছে। বেশ কয়েকটি পোলিং এজেন্টকে এখনও পর্যন্ত আক্রমণ করা হয়েছে। বিজেপির গুন্ডারা কংগ্রেস প্রার্থীদের হুমকি দিচ্ছে

প্রদেশ কংগ্রেস সভাপতি বলেন,বিজেপি পুলিশের সঙ্গে নির্দিষ্ট কয়েকটি গাড়ির বিবরণ দিয়ে বলেছে এই গাড়িগুলি আটক না করতে। তারা বাইরে থেকে লোক এনেছে। তারা শহিদ ভগৎ সিং হোস্টেলে অবস্থান করছে, উষাবাজার, জগন্নাথবাড়ি এবং নতুননগরে ৩০০ জনেরও বেশি লোক একত্রিত হয়েছে। আগরতলার সব হোটেলও বুক করা হয়েছে। বিরজিত বাবু বলেন তিনি ৮ বার বিধানসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেছেন। পুলিশ কখনও কোনও প্রার্থীর বাড়িতে যখন-তখন প্রবেশ করেনি এবং তাদের জিজ্ঞাসাবাদ করেনি, যা এখানে বিজেপি করছে।গতকাল বিজেপির বিধায়ক সুরজিৎ দত্ত, বিজেপির পক্ষে প্রচার করতে গিয়ে এক অটো চালককে অপমান ও গালিগালাজ করেন। ত্রিপুরা বিজেপির জন্য ঐতিহ্য হারাচ্ছে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। রাজ্য পুলিশ, প্রশাসন এবং রাজ্য সরকার সুপ্রিম কোর্টের সিদ্ধান্তকে গুরুত্ব সহকারে নিচ্ছে না বলেও অভিযোগ করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি। সর্বোপরি ভোটারদের নির্ভয় পবিত্র গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে আবেদন জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি বিরজিত সিনহা।

দলের প্রতি ক্ষোভ, অন্যান্য পদও ছাড়লেন হিমাচলের কৃপাল সিং পারমা

শিমলা, ২৪ নভেম্বর (হি.স.) : দলের প্রতি ক্ষোভ পূর্ণিভূত হচ্ছিল বিগত ৬ মাস ধরেই, অনশেষে মনস্ত ক্ষোভেরে বহিঃপ্রকাশ ঘটালেন কৃপাল সিং পারমার। হিমাচল প্রদেশ বিজেপির সহ-সভাপতি পদ থেকে আগেরই ইস্তফা দিয়েছিলেন, এবার অন্যান্য পদ থেকেও তিনি ইস্তফা দিলেন। হিমাচল প্রদেশের সিরমোর জেলার দায়িত্বে ছিলেন কৃপাল সিং পারমার, রাজ্যের কার্যনির্বাহী কমিটির সদস্য ছিলেন তিনি। উভয় পদ থেকেই ইস্তফা দিয়েছেন কৃপাল সিং পারমার। কেন ইস্তফা, তাও জানিয়েছেন বর্ষীয়ান এই বিজেপি নেতা। বিবৃতিতে তিনি জানিয়েছেন, বিগত ৬ মাস ধরে দলে হয়রানির শিকার হচ্ছিলেন তিনি।

মঙ্গলবারই হিমাচল প্রদেশ বিজেপির সহ-সভাপতি পদ থেকে ইস্তফা দিয়েছেন কৃপাল সিং পারমার। এরপর বৃথবার সিরমোর জেলার দায়িত্ব ছাড়লেন তিনি, রাজ্যের কার্যনির্বাহী কমিটির সদস্য পদ থেকেও ইস্তফা দিয়েছেন। কৃপাল সিং পারমারের মতো বর্ষীয়ান নেতার এই সিদ্ধান্ত স্বাভাবিকভাবেই চিন্তা বাড়ল হিমাচল প্রদেশ বিজেপির।

চলচ্চিত্রোৎসবে প্রশংসিত বাংলার মেয়ের ‘সাঁইবাড়ি’ থেকে সন্দেশখালি’

গোয়া, ২৪ নভেম্বর (হি. স.) : বৃথবার গোয়ায় আন্তর্জাতিক চলচ্চিত্রোৎসবে প্রশংসিত হল মেয়ের ‘সাঁইবাড়ি থেকে সন্দেশখালি’। ৪২ মিনিটের এই ছবি দেখানো হয় ‘অহিন্দ্র’-এ। ছবির পরিচালিকা সংঘমিত্রা চৌধুরী বিজেপির পশ্চিমবঙ্গ শাখার অন্যতম সম্পাদক। সংঘমিত্রা গোয়া থেকে এই প্রতিবেদককে জানান, ‘সাঁইবাড়ি থেকে সন্দেশখালি ছবিটি তৈরির প্রথম অনুপ্রেরণা আমাকে দিয়েছিলেন আমার এক দাদা কাঞ্চন ব্যানার্জি। তিনি আমেরিকার, বস্টনে থাকেন। গত ৫০ বছরে গোটা পশ্চিমবঙ্গে যে কয়টি নারকীয় হত্যাকাণ্ড এটা তারই চলচ্চিত্রায়ন। প্রায় এক বছর ধরে গবেষণা করে এই ছবির চিত্রনাট্য তৈরি হয়েছিল। ছবিটি তুর্কু ফিচার আকারে পরিবেশন করা করা হলে। বেশ কিছু দৃশ্যকে আমরা পুনর্নির্মাণ করেছি যেমন সাঁইবাড়ি, মরিচবাঁপি, নন্দীগ্রাম, সন্দেশখালি, প্রভৃতি জায়গার ঘটনাকে নতুন করে চিত্র রূপ দেওয়া হয়েছে।

ছবিটি তৈরি করার সময় অনেক রাজনৈতিক বাধা বিপত্তি এসেছে। করোনার সময় শুটিং করতে পারিনি বেশ কিছু দিন। কিন্তু তা সত্ত্বেও ছবিটা আমরা খুব যত্নসহকারে তৈরি করেছি। সেপর করতে গিয়ে আর এক বিপত্তি। অনেক সময় লেগেছে কারণ এটা কলকাতা সেন্সর অফিস দায়িত্ব এড়িয়ে গেছে। আবার আমাকে মুম্বাই সেন্সর অফিসে পাঠিয়ে তারপর সেন্সর করতে হয়েছে। ছবিটিকে যখন ইন্ডিয়ান প্যানোরামাতে পাঠাই তখন ভারতে পারিনি যে এই ছবি মনোনীত হবে। আমি ‘বাংলা আবার’ এবং আমার সব কলাকুশলীদের প্রতি কৃতজ্ঞ এই ছবিটিকে সৃষ্টভাবে সম্পন্ন করতে সাহায্য করার জন্য। কেন্দ্রীয় তথ্যমন্ত্রক এবং উৎসব কমিটির কাছেও আমি কৃতজ্ঞ। আন্তর্জাতিক চলচ্চিত্রোৎসবে ৪৩টি ফিচার আর ৩টি নন-ফিচার ছবি দেখানো হচ্ছে।”

মৌদী-মমতা বৈঠক নিয়ে কটাক্ষ করলেন সুজন চক্রবর্তী

কলকাতা, ২৪ নভেম্বর (হি. স.) : মমতা বন্দ্যোপাধ্যায় ও নরেন্দ্র মৌদীর সাক্ষাৎ নিয়ে যথার্থিতি নেতিবাচক মন্তব্য করেন সিপিএম নেতা সুজন চক্রবর্তী।

বৃথবার সুজনবাবু বলেন, “এই বৈঠকের সঙ্গে রাজ্যের কোনও সম্পর্ক নেই। ব্যক্তিগত রাজনৈতিক স্বার্থে এই মৌদীর সঙ্গে দেখা করতে গিয়েছেন মমতা।” প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে এ দিন মমতা বন্দ্যোপাধ্যায় জানান, রাজ্যের দাবিদাওয়া নিয়েই কাজ হয়েছে। মমতা বলেন, “আমপান-সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের ক্ষতিপূরণ নিয়ে কথা হয়েছে। প্রায় ৯৬ হাজার কোটি টাকা কেন্দ্রের কাছে চায় রাজ্য। বিএসএফ-এর কাজ সীমান্ত সামলানো। কিন্তু এ দিকে গুলি চালিয়ে।”

মমতা বলেন, বিএসএফ-এর এস্তিমার বৃদ্ধি নিয়ে কথা হয়েছে। রাজ্যের আইনশৃঙ্খলার সঙ্গে সম্মতের পরিস্থিতি তৈরি হয়েছে। মুক্তরাষ্ট্রীয় কাঠামোর আঘাত করা উচিত নয়। রাজ্যের সাহায্য চাইলে রাজ্য সাহায্য করতে প্রস্তুত। এ ছাড়াও করোনা টিকাকরণে জন্য আরও টিকা লাগবে। তা জানিয়েছি। ১২-১৮ বছর বয়সীদের টিকাকরণ নিয়ে কথা হয়েছে। বাংলার পাঠশিক্ষা নিয়ে আলোচনা হয়েছে।”

ভোটারদের

● **প্রথম পাতার পর**

দিয়েছে। এরমধ্যে বিশেষভাবে রয়েছে মুম্বর্ষ রুগিদের সাহায্যের হাত বাড়িয়েদেওয়া। রাজীব চক্রবর্তী নিজে সময়ের দিকে নজর না দিয়ে মুম্বর্ষ রুগিদের স্বাস্থ্যকেন্দ্রের বিভিন্ন পরিষেবা পাইয়েদিতে প্রচেষ্টাচালিয়ে যেতো। এইধরনের মহান ব্যক্তিকে কাউন্সিলার হিসাবে পেয়ে শান্তির বাজারের লোকজন খোবই গর্বিত। এখন সকলে আশাবাহী রাজীব চক্রবর্তী শপথগ্রহণের পর ৫ নং ওয়ার্ডের সার্বিক উন্নয়নে কাজকরবে। আজকের এই জন আর্শিবাদ যাত্রা ও কল্পন বিতরনি অনুষ্ঠানে রাজীব চক্রবর্তীর পাশাপাশি উপস্থিত ছিলেন ৩৬ শান্তির বাজার বিধানসভার বিধায়ক প্রমোদ রিয়াং, বিজেপির রাজ্যকমিটির সহ সভাপতি তথা প্রাক্তন ডেপুটি স্পীকার গৌরিশঙ্কর রিয়াং, ৩৬ শান্তির বাজার বিজেপির মন্তল সভাপতি শ্যামলাল দেবনাথ সহ অন্যান্যরা।

২৪ নভেম্বর, আগামীকাল পৌরসভা নির্বাচন উপলক্ষে বিলোনিয়া বি কে আই ময়দান থেকে বিলোনিয়া পৌরসভার ১৭ ওয়ার্ডে এ মোট ১৮ টি পোলিং স্টেশন,প্রতিটি পোলিং স্টেশনের জন্য ভোট কর্মীরা তাদের ভোটারদের সামগ্রী, ইভিএম মেশিন নিয়ে প্রতিটি বুথের উদ্দেশ্যে পর্যাপ্ত নিরাপত্তা বাহিনীর সহ রওনা দিয়েছেন। এ বিষয়ে সংবাদমাধ্যমের সামনে বিস্তারিত তুলে ধরেন রিটার্নিং অফিসার তথা মহকুমা শাসক মানিক লাল দাস। আঠারোটি পোলিং স্টেশনের মধ্যে ১৫ টি পোলিং স্টেশন স্পর্শ কাতর , প্রতিটি পোলিং স্টেশনের জন্য পুলিশ এবং আধা সামরিক বাহিনী পর্যাপ্ত ব্যবস্থা এবং অতিরিক্ত পুলিশ ব্যবস্থা করা হয়েছে বলে জানিয়েছেন মহকুমা পুলিশ আধিকারিক সৌম্য দেববর্মা।

তেলিয়ামুড়া পুরো পরিষদের ১৫ টি ওয়ার্ডের ভোট গ্রহণের জন্য ভোট কর্মীরা ভোট সামগ্রী নিয়ে ভোট কেন্দ্রের উদ্দেশ্যে রওনা হয়েছেন। ভোট গ্রহণের জন্য পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তেলিয়ামুড়া পুর পরিষদের ১৫ টি ওয়ার্ডের ২৪টি পোলিং স্টেশনের জন্য ভোট সামগ্রী সংগ্রহ করার উদ্দেশ্যে প্রস্তুত করা হয়েছে। চকিবাট থেকে তেলিয়ামুড়া মহকুমা শাসকের কার্যালয়ে। এদিন ভোট কর্মীরা ভোটিং মেশিন সহ ভোটের সামগ্রী মহকুমা শাসকের কার্যালয় থেকে সংগ্রহ করে ভোট সেন্টারের উদ্দেশ্যে যাত্রা শুরু করে। এদিকে তেলিয়ামুড়া মহকুমা পুলিশ আধিকারিক জানান, পুর পরিষদের ১৫ টি ওয়ার্ডের জন্য পোলিং স্টেশন রয়েছে ২৪ টি। প্রতিটি পোলিং স্টেশনের জন্য প্রিসাইডিং অফিসার থাকবে। এছাড়া পোলিং স্টেশন গুলির জন্য তিন পর্যায়ে পোলিং অফিসার মোতায়েন থাকবে। তিনি জানান, তেলিয়ামুড়া পুর পরিষদের নির্বাচনে মোট ভোটার সংখ্যা ১৫,৯২৫ জন। এছাড়াও নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য পর্যাপ্তভাবে নিরাপত্তার ব্যাবস্থা করা হয়েছে। এদিকে তেলিয়ামুড়া মহকুমা পুলিশ আধিকারিক জানান, প্রতিটি পোলিং স্টেশনের জন্য পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও সেক্টর অফিসার’রা নিরাপত্তা বাহিনীর জওয়ানদের নিয়ে টহলদারি করবে তেলিয়ামুড়া পুর পরিষদ এলাকায় ভোট গ্রহণ প্রক্রিয়া আবাধ ও শান্তিপূর্ণভাবে অতিবাহিত করার জন্য প্রশাসনের তরফ থেকে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে মহকুমা পুলিশ আধিকারিক জানিয়েছেন।

উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগর পুর পরিষদ ও পানিসাগর নগর পঞ্চায়েতের ভোট কেন্দ্র গুলিতে ইভিএম মেশিন নিয়ে ভোট কর্মীরা ইতিমধ্যেই পৌঁছে গেছেন। কোথাও থেকে কোনো ধরনের অশ্রীতিকর ঘটনার খবর নেই। উত্তর জেলার ধর্মনগর পুর পরিষদের পশ্চিমা ওয়ার্ডে হাড়ে চকিবাট ওয়ার্ডে নির্বাচন হচ্ছে। চকিবাট ওয়ার্ডে গুলা ভোট গ্রহন কেন্দ্র করা হয়েছে চুয়াক্লিশটি। বৃথবার সকাল থেকেই ভোট কর্মীরা ইভিএম নিয়ে ভোট সেন্টার গুলির উদ্দেশ্যে রওনা দেন। নির্বাচন যাতে শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন হয় তার জন্য নিরাপত্তা ব্যবস্থাও জোরদার করা হয়েছে।উত্তর জেলার পুলিশ সুপার অনুনূন চক্রবর্তী জানান,প্রতিটি বুথ সেন্টারের চারজন করে নিরাপত্তা কর্মী মোতায়েন করা থাকবে। এছাড়াও বুথ সেন্টারের বাইরেও পুলিশ টিএসআর মোতায়েন থাকবে। তিনি জানান,বৃহস্পতিবার ভোটের দিন ভোট সেন্টার গুলি ছাড়াও পুলিশ মোবাইলে থাকবে সমগ্র শহর জুড়ে। থাকবে ফুট পেট্রোল। বৃথবার শহরের বিভিন্ন যানবাহন গুলিতে তজাশি চালানো হয়। ধর্মনগর পুর পরিষদ নির্বাচন শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন করার জন্য ধর্মনগর শহরে আটোপাঁচো নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। পানিসাগর নগর পঞ্চায়েতের তেরোটি আসনের ভোটগ্রহণের জন্য তেরোটি ভোটগ্রহণ কেন্দ্রে ইতিমধ্যে তেরোটি নিয়ে ভোট কর্মীরা পৌঁছে গেছেন। নিরাপত্তা ব্যবস্থাও জোরদার করা হয়েছে।

মমতা

● **প্রথম পাতার পর**

দুর্যোগের টাকাও বকেয়া রয়েছে। সেই টাকাও চেয়েছি। প্রধানমন্ত্রী বলেছেন, পরিস্থিতি খতিয়ে দেখে সিদ্ধান্ত নেবেন।”

বিএসএফের ক্ষমতাবৃদ্ধি নিয়ে কেন্দ্রের সিদ্ধান্তের বিরুদ্ধে প্রধানমন্ত্রীর কাছে অভিযোগ জানান মমতা। এই সিদ্ধান্ত প্রত্যাহারের আরম্ভও জানিয়েছেন তিনি। তৃণমূল নেত্রীর কথায়, “বিএসএফ আমাদের বন্ধু। ওরা সীমান্তে কাজ করে। কিন্তু ওঁদের ক্ষমতাবৃদ্ধির সিদ্ধান্ত প্রত্যাহারের করার দাবি জানিয়েছি। রাজ্যে আইনশৃঙ্খলা সম্পর্কিত সমস্যা হয় অনেক সময়।”

এ প্রসঙ্গে বলতে গিয়ে বিএসএফের গুলি চালানোর ঘটনার উল্লেখ করেন তিনি। এর পরই বলেন, “দেশে একটি যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামো আছে। তার অহেতুক অবনতি করা ঠিক নয়। বিএসএফের ক্ষমতাবৃদ্ধির আইন প্রত্যাহার করুন।” তবে এ নিয়ে প্রধানমন্ত্রী কোনও মন্তব্য করেননি বলে জানিয়েছেন মমতা।

বিজেপি

● **প্রথম পাতার পর**

২০২২ সালের মার্চ পর্যন্ত বিনামূল্যে রেশন দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার।

বিজেপির রাজ্য মুখপাত্র দাবি করেছেন যে “সবকা সাথ সবকা বিকাশ, সবকা বিশ্বাস” নিছক একটি শ্লোগান নয়। বাস্তব অর্থেই তা বাস্তবায়ন করা হচ্ছে তবে রাজনৈতিক নেতাদের একাংশ নেতিবাচক মানসিকতায় ভুগছেন। কেন্দ্রীয় সরকার সাহায্য দিচ্ছে, কিন্তু এই নেতারা এই দেশের সাধারণ দরিদ্র ও দারিদ্রপ্রাণীতর মানুষের প্রকৃতি ভালো দেখাচ্ছে পাচ্ছেন না, শ্রী চক্রবর্তী তাদের এই ধরনের প্রচার থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছেন।

নির্বিকার

● **প্রথম পাতার পর**

এক ব্যক্তির ধানের মিলের টিন ভেঙে মিলের ভেতরের থাকা ধানের বস্তা বের করে নষ্ট করে ফেলে। বন্য দাঁতাল হাতি এলাকায় প্রবেশ করা মাত্রই এলাকায় তাণ্ডব চালিয়ে এলাকার ইন্দ্র মোহন বিশ্বাসের রামা ঘর ভেঙে তখনক করে দেয়। তিনি জানান, এখানে আগেও বহুবার বন্য হাতির দল এলাকায় প্রবেশ করে বাড়িঘর ভাঙছে চালিয়ে। তাতে ক্ষতির সম্মুখীন হতে হয় এলাকার বাসিন্দা ইন্দ্র মোহন বিশ্বাসকে। বনদপ্তর থেকে কোনো সুযোগ-সুবিধা পাননি। এমনটাই অভিযোগ করেন

ভারত-পাকিস্তান ম্যাচ হচ্ছে না ১৬ ডিসেম্বরে

ভারত-পাকিস্তান ম্যাচ হচ্ছে না ১৬ ডিসেম্বরে

বিজয় দিবসে ঢাকায় ভারত-পাকিস্তানের হকি ম্যাচটি নিয়ে প্রশ্ন ওঠায় সূচিতে বদল আনতে উদ্যোগী হয় বাংলাদেশ হকি ফেডারেশন। তাদের আবেদনে সাদা দিয়েছে এশিয়ান হকি ফেডারেশন (এএফসিএফ)। ফলে আগামী ১৬ ডিসেম্বরে হচ্ছে না ম্যাচটি।

মওলানা ভাসানী হকি স্টেডিয়ামে আগামী ১৪ ডিসেম্বর থেকে শুরু হবে এশিয়ান চ্যাম্পিয়নশ্বপ টুর্নামেন্ট। এশিয়ান হকি ফেডারেশন শীর্ষ পাঁচ দল যথাক্রমে ভারত, মালয়েশিয়া, দক্ষিণ কোরিয়া, জাপান ও পাকিস্তানের বিপক্ষে খেলবে র‍্যাঙ্কিংয়ে ৯ম স্থানে থাকা বাংলাদেশ।

ভারত-পাকিস্তান ম্যাচটি এক দিন



পিছিয়ে হবে ১৭ ডিসেম্বরে। ম্যাচটি পিছিয়ে দেওয়ার কারণ

হিসেবে গণমাধ্যমে বিজয় দিবসের নিরাপত্তাজনিত কারণের কথা বলেছেন হকি ফেডারেশনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোহাম্মদ ইউসুফ।

“বিজয় দিবসের অনুষ্ঠানে অংশ নিতে অনেক দেশের র‍্যাঙ্কপ্রধান ১৬ ডিসেম্বর ঢাকায় থাকবেন। যে কারণে ভারত ও পাকিস্তানের মতো দুই দলের গুরুত্বপূর্ণ ম্যাচে প্রয়োজনীয় নিরাপত্তা দেওয়া কঠিন। এ জন্যই আমরা ওই দিনের তিনটি ম্যাচ পিছিয়ে দেওয়ার অনুরোধ করেছিলাম। এশিয়ান হকি ফেডারেশন আমাদের আবেদনে সাদা দিয়েছে।”

২১ ডিসেম্বর হবে দুটি সেমি-ফাইনাল। পঞ্চম স্থান নির্ধারণী ম্যাচও হবে একই দিনে। ২২ ডিসেম্বর হবে ফাইনাল।

আগামী বছর ২ এপ্রিল থেকে শুরু হতে পারে আইপিএল

নয়াদিল্লি, ২৪ নভেম্বর (হিস) : ভারতীয় ক্রিকেট বোর্ডের পক্ষ থেকে ইতিমধ্যেই জানিয়ে দেওয়া হয়েছে, পরের বছর ভারতেই ফিরে আসছে আইপিএল টুর্নামেন্ট। গত মরশুমে করোনার কারণে এই টুর্নামেন্টের অর্ধেকটাই সংযুক্ত আরব আমিরশাহীতে আয়োজন করা হয়েছিল। কিন্তু, কয়েকদিন আগেই বিসিসিআই সভাপতি সৌরভ গাঙ্গোপাধ্যায় জানিয়েছিলেন, এবছর ভারতেই এই টুর্নামেন্টের আয়োজন করা হবে।

বোর্ডের ঘনিষ্ঠ সূত্র থেকে জানা গিয়েছে, পরের বছর ২ এপ্রিল থেকে এই টুর্নামেন্ট আয়োজন করার একটা প্রাথমিক চিন্তাভাবনা শুরু করা হয়েছে। যদিও পূর্ণাঙ্গ সূচি এখনও পর্যন্ত তৈরি করা হয়নি। তবে বোর্ডের পক্ষ থেকে সকল স্টেক হোল্ডারদের একথা জানিয়ে দেওয়া হয়েছে যে আগামী ২ এপ্রিল থেকে এই টুর্নামেন্ট শুরু হতে চলেছে। আর প্রথম ম্যাচ চেন্নাইয়ে আয়োজন করা হবে।

আগামী বছর পঞ্চদশ মরশুমে পা রাখতে চলেছে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ। দশটি দলের মধ্যে মোট ৭৪টি ম্যাচ খেলা হবে। যদিও চলতি বছর আটটি দলের মধ্যে মোট ৬০টি ম্যাচের আয়োজন করা হয়েছিল। ভারতীয় ক্রিকেট বোর্ডের অভ্যন্তরীণ বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে আগামী বছর এই টুর্নামেন্ট ৬০ দিন ধরে আয়োজন করা হবে। ফলে এই টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ জুনের প্রথম সপ্তাহান্তে কিংবা ৪ অথবা ৫ জুন আয়োজন করা হবে। প্রত্যেকটা দলই ১৪টি করে লিগ ম্যাচ খেলার সুযোগ পাবে। সাতটি করে হোম এবং আওয়ে ম্যাচ তারা খেলতে পারবে।

সেক্স-টেপ কাণ্ডে বেনজেমার শাস্তি

২০১৫ সালের আলাচিচি সেই ‘সেক্স টেপ’ কাণ্ডে দোষী প্রমাণিত হয়েছেন ফরাসি স্ট্রাইকার করিম বেনজেমা। সাবেক সতীর্থ মাথিউ ভালবুয়েনাকে ব্ল্যাকমেল করার সন্দেহ জড়িত থাকায় তাকে এক বছরের স্থগিত নিষেধাজ্ঞা দিয়েছে ফ্রান্সের একটি আদালত।

বৃহবার আদালতের রায়ে তাকে ৭৫ হাজার ইউরো জরিমানাও করা হয়েছে।

ভেরসাইয়ের এই আদালতে রায়ের সময় উপস্থিত ছিলেন না বেনজেমা। চ্যাম্পিয়নশ্বপ লিগের গ্রুপ পর্বের ম্যাচে বৃহবার মলডোভার ক্লাব শেরিফ তিরাসপুলের মাঠে খেলবে রিয়াল মাদ্রিদ। দলের সন্দেহ আছেন তিনি।

তবে, এই রায়ের বিরুদ্ধে বেনজেমা আপিল করবেন বলে জানিয়েছেন তার আইনজীবী বরারবই নিজেস্বতন্ত্রে নিদর্শ্যে দাবি করেছেন বেনজেমা।

রায় ঘোষণার পর তার আইনজীবী অতোয়ান ভেই সাংবাদিকদের বলেন, “এই রায়ে কোনোভাবেই বাস্তব ঘটনার প্রতিফলন পড়েনি।” এ বিষয়ে রিয়াল তারফকিনভাবে কোনো মন্তব্য করতে রাজি হননি বলে রয়টার্স তাদের প্রতিবেদনে জানিয়েছে।

কৌণলিসের মূল অভিযোগ ছিল,



ব্ল্যাকমেলকারকে অর্থ দিয়ে বিষয়টি লোকচক্ষুর আড়ালে রাখার জন্য মাথিউ ভালবুয়েনাকে প্ররোচিত করেছিলেন বেনজেমা। মূলত এর প্রেক্ষিতেই আদালতে যুক্তি-তর্ক উপস্থাপন করেন তারা।

প্রসিকিউটরদের মতে, ২০১৫ সালের জুনে প্যারিসের পশ্চিমাঞ্চলে ফ্রেঞ্চ দলের অনুশীলনের সময় ভালবুয়েনা ব্ল্যাকমেলকারদের প্রথম ফোন পান, তখন তাকে ওই ভিডিও ছড়িয়ে দেওয়ার হুমকি দেওয়া হয়েছিল। ভালবুয়েনা এর

আগেই আদালতে বলেন, ব্ল্যাকমেলকার পরিষ্কারভাবে অর্থ চেয়েছিলেন। তার ক্যারিয়ার ও জাতীয় দলে জায়গা খেলা নিয়েও ভয় দেখিয়েছিলেন।

গত অক্টোবরে রয়টার্সের এক প্রতিবেদনে বলা হয়েছিল, ব্ল্যাকমেলকাররা প্রথমে সাবেক ফরাসি স্ট্রাইকার জিভ্রিল সিসেকে প্রস্তাব দিয়েছিল ভালবুয়েনাকে অর্থ দিয়ে বিষয়টি মিটাতে করার জন্য বোঝাতে। তবে উল্টো তিনি এই ষড়যন্ত্রের বিষয়ে তাকে সতর্ক করে দেন বলে জানান ভালবুয়েনা।

এরপরই নাকি ব্ল্যাকমেলকাররা বেনজেমাতে এই কাজে নিয়োগ দেয়।

২০১৫ সালের এই ঘটনা প্রকাশ হলে বেনজেমার মতো ভালবুয়েনাও জাতীয় দলে জায়গা হারান। ৩৩ বছর বয়সী বেনজেমা সব মিলিয়ে জাতীয় দলের হয়ে ৯৪টি ম্যাচ খেলেছেন। ২০১৫ সালের পর প্রথম ইউরোপিয়ান চ্যাম্পিয়নশ্বপের দলে ডাক পান তিনি।

পয়েন্ট হারিয়ে বিদায়ের শঙ্কায় বার্সেলোনা

জিতলেই নকআউট পর্বের টিকেট নিশ্চিত, সে লক্ষ্যে আক্রমণাত্মক ফুটবলে বেশ ভালোই খেলল বার্সেলোনা। কিন্তু কাস্তিক গোল আর মিলল না। তাতে চ্যাম্পিয়নশ্বপ লিগের গ্রুপ পর্ব থেকে ছিটকে যাওয়ার শঙ্কায় পড়ে গেল পাঁচবারের চ্যাম্পিয়নরা।

ক্যাম্প নউয়ে মঙ্গলবার রাতে বেনফিকার বিপক্ষে তীব্র গুরুত্বপূর্ণ ম্যাচে গোলশূন্য ড্র করেছে কাতালান ক্লাবটি। প্রথম দেখায় পর্তুগিজ ক্লাবটির মাঠে ৩-০ গোলে হেরেছিল তারা।

বার্সেলোনা মিলিটারের বিপক্ষে ৩-০ গোলে হেরে আসার শুরু করা বার্সেলোনা পরের ম্যাচে একই ব্যবধানে হারে বেনফিকার মাঠে।

তবে পরের দুই ম্যাচেই জিতে ঘুরে দাঁড়ায় আলবা-বুসকেতসরা। কিন্তু এই ড্রয়ে কঠিন সমীকরণের সামনে পড়ে গেল চ্যাম্পিয়নরা।

পাঁচ ম্যাচের সবকটিতে জিতে ১৫ পয়েন্ট নিয়ে শীর্ষস্থান নিশ্চিত বার্সেলোনা। ৭ পয়েন্ট নিয়ে এখনও অশেষ দুই নম্বরে আছে বার্সেলোনা। তবে শেষ ম্যাচে তাদের খেলতে হবে জার্মান চ্যাম্পিয়নদের মাঠে। ওই দিন জিততেই হবে তাদের, নয়তো তাকিয়ে থাকতে হবে আরেক ম্যাচে।

আর ৫ পয়েন্ট নিয়ে তিন নম্বরে থাকা বেনফিকা খেলবে ১ পয়েন্ট নিয়ে উল্লেখ্য দল দিনামো কিয়োরের মাঠে। ঘরের মাঠে আত্মবিশ্বাসী শুরু করা বার্সেলোনা সপ্তম মিনিটে এগিয়ে যাওয়ার দারুণ সুযোগ তৈরি করে। তবে



ডান দিকে থেকে তরুণ ফেরোয়ার্ড ইউসুফ হেমিরের কোনোক্রমি শট বাঁপিয়ে কর্নারের বিনিময়ে ফেরান গোলরক্ষক। খানিক পর আরেকটি গোছানা আক্রমণে লক্ষ্যভ্রষ্ট শট বেন রোনালদ আরাহো।

৩৪তম মিনিটে রোমান ইয়ারেমচুকের হেড গোলরক্ষক মার্ক-আন্তোয় টের স্টেগেনের পায়ে প্রতিহত হয়। ফিরতি বল পেয়ে গিলবের্তের শট বার্সেলোনার এক জয়ের পায়ে লেগে বাইরে চলে যায়। ওই কর্নার থেকে জালে বল পাঠান বেনফিকার নিকোলাস ওতামেন্ডি, তবে কর্নার নেওয়ার সময়ই বল চলে গিয়েছিল বাইলাইন পেরিয়ে।

বিরতির আগে ভাগ্যের ফেরে গোলবর্ধিত হয় বার্সেলোনা। ৪৩তম মিনিটে এগিয়ে যাওয়ার দারুণ সুযোগ তৈরি করে। তবে

শটে বল বাঁক খেয়ে জসবারে বাধা পায়।

একইভাবে দ্বিতীয়ার্ধেও বল দখলের পাশাপাশি আক্রমণে চাপ ধরে রেখে খেলতে থাকে বার্সেলোনা। ৫৮তম মিনিটে দারুণ সুযোগও পায় তারা; কিন্তু ডি-বক্সে একা টুকে পেছনে ছুটে আসা ডিফেন্ডারকে ফাঁকি দিতে গিয়ে বল হারিয়ে পেলেন মেমফিস ডিপাই।

১০ মিনিট পর বদলি ফেরোয়ার্ড উসমান দেশ্বেলের ক্রসে ফ্রেন্ডিকি ডি ইয়ংয়ের হেড দারুণ নৈপুণ্যে ঠেকান গোলরক্ষক।

একটু একটু করে সময় যাচ্ছিল, বাড়ছিল দুর্ভবনা। এমন সময় ৮৩তম মিনিটে আলবার ক্রসে লাফিয়ে দারুণ এক ভলিতে জালে বল পাঠান আরাহো। তবে কিফিং ব্যবধানে অফসাইডে ছিলেন তিনি।

শেষ দিকে উল্টো গোল খেতে বসে বার্সেলোনা। প্রতি-আক্রমণে বেনফিকা ফেরোয়ার্ড হারিস সেফেরোভিচ ডি-বক্সে টুকে ছোট চিপে টের স্টেগেনকেও কাটান।

সামনে ফাঁকা পোস্ট, একজন ডিফেন্ডার ছুটে আসেন বটে। তারপরও সেফেরোভিচের ওখান থেকে লক্ষ্যভ্রষ্ট শট নেওয়াটা সত্যিই অবিশ্বাস্য। তার ওই মিস ডাগআউটে বেনফিকা কোচ-খেলোয়াড়রা যেন বিশ্বাসই করতে পারছিলেন না।

আগেই নকআউট পর্বের টিকেট নিশ্চিত করা বার্সেলোনা মঙ্গলবার দিনামো কিয়োরের মাঠে ২-১ গোলে জিতেছে। ওভারহেড কিকে লেভানদোভস্কি দলকে এগিয়ে নেওয়ার পর ব্যবধান দ্বিগুণ করেন কিংসলে কোমান। বিরতির পর একটি শোখ করে স্বাগতিকরা।

টেস্ট অভিষেক হচ্ছে শ্রেয়াসের

লোকেশ রাহুলের চোট যেন আশীর্বাদ হয়ে এলো শ্রেয়াস অহিয়ারের জন্য। নিউজিল্যান্ডের বিপক্ষে টেস্ট অভিষেক হচ্ছে ডানহাতি এই ব্যাটসম্যানের।

বিরাত কোহলির অনুপস্থিতিতে নেতৃত্ব পাওয়া অজিঙ্কা রাহানে নিশ্চিত করেছেন, কানপুর টেস্টের একাদশে থাকছেন শ্রেয়াস।

প্রথম শ্রেণির ক্যারিয়ার বেশ সমৃদ্ধ শ্রেয়াসের। ৫৪ ম্যাচে ৫২.১৮ গড়ে রান করেছেন ৪ হাজার ৫৯২। ১২ সেঞ্চুরির পাশে কিফটি ২৩টি। তার স্ট্রাইক রেটও দুর্দান্ত, ৮১.৫৪।

২০১৭ সালে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয় শ্রেয়াসের, টি-টোয়েন্টি দিয়ে। ওই বছরই ওয়ানডে ক্রিকেটের পথচলা শুরু হয় তার। টেস্ট দলে জায়গা পেয়েছেন আগেও, কিন্তু একাদশে হজিল না সুযোগ। অবশেষে সেই দরজা খুলে গেল ২৬ বছর বয়সী এই ক্রিকেটারের।

নিয়মিত অনেক ক্রিকেটারকে



বাইরে রেখে নিউ জিল্যান্ড সিরিজের টেস্ট দল সাজিয়েছে ভারত। সেই দল থেকে মঙ্গলবার বাম উরদর চোটে ছিটকে যান রাহুল। ব্যাট হাতে দারুণ ছন্দে থাকা এই টপ অর্ডার ব্যাটসম্যানকে হারানো রাহানের কাছে অনেক বড় ধাক্কা।

রাহুলের জায়গায় যদিও দলে নেওয়া হয়েছে অভিষেকের অপেক্ষায় থাকা আরেক ক্রিকেটার সুর্যকুমার যাদবকে। কিন্তু ক্রিকেটের মর্যাদাময় সংস্করণে যে শ্রেয়াস পা রাখতে যাচ্ছেন, ম্যাচের আগের দিন বৃহবার সংবাদ সম্মেলনে নিশ্চিত করলেন রাহানে।

“শ্রেয়াসের (টেস্ট ক্রিকেটে) অভিষেক হতে যাচ্ছে। দুর্ভাগ্যবশত, রাহুল চোটে পড়েছে। সে পরের দুই ম্যাচে টেস্ট দলের অংশ হতে পারবে না। এটা নিশ্চিতভাবেই বড় ধাক্কা।”

“সে ভালো ফর্মে ছিল, টি-টোয়েন্টিতে ভালো করছে। আমরা তার অভাব অনুভব করব। তবে আমাদের দলে এমন অনেকে

নিশ্চিত নই, কেমন হবে উইকেট। আগামীকাল পর্যন্ত আমাদের অপেক্ষা করতে হবে এবং তখনই মূল্যায়ন করতে হবে।”

ভারত-নিউ জিল্যান্ডের দুই টেস্টের প্রথমটি শুরু বৃহস্পতিবার। আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশ্বপের নতুন চক্রের অংশ এই সিরিজ। আগের চক্রের ফাইনালে ভারতকে হারিয়েই শিরোপা জিতছিল নিউ জিল্যান্ড।

৩৩ বছরের খরা কাটিয়ে ভারতে টেস্ট জিতে মরিয় উইলিয়ামসনরা

কানপুর, ২৪ নভেম্বর (হিস) : সালটা ছিল ১৯৮৮-র ২৪ নভেম্বর। ভারতের প্রাক্তন কোচ জন রাইটের অধিনায়কত্বে মুম্বইয়ে টেস্ট জিতেছিল নিউজিল্যান্ড। সেটা ছিল শেষ, দীর্ঘ ৩৩ বছর ধরে ভারতের মাটিতে টেস্ট ম্যাচ জিতে পারেনি কিউরিয়া। সেই খরা কাটতে মরিয় কেন উইলিয়ামসনরা।

ভারতে এখনও পর্যন্ত ৩৪টি টেস্ট খেলেছে নিউজিল্যান্ড। তার মধ্যে ১৬টি টেস্ট জিতেছে ভারত। নিউজিল্যান্ড জিতেছে মাত্র দুটি। অন্য দিকে ১৬টি টেস্ট ড্র হয়েছে। ১৯৮৮ সালের আগে ১৯৬৯ সালে প্রথমবার ভারতে টেস্ট জেতে নিউজিল্যান্ড। ভারতে তাদের জয়ের শতাংশ মাত্র ০.১২৫। ভারতের মাটিতে এখনও পর্যন্ত একটিও টেস্ট সিরিজ জিতে পারেনি নিউজিল্যান্ড। ১১টি সিরিজের মধ্যে ৯টি হেরেছে তারা। দুটি সিরিজ ড্র হয়েছে। সেই পরিসংখ্যানেও বদল চান উইলিয়ামসনরা। শুধু ভারতে নয়, এশিয়ায় টেস্টে কিউরিয়াদের রেকর্ড খুব খারাপ। ১৯৫৫ সালের পর থেকে এশিয়ায় খেলা ৮৪টি টেস্টের মধ্যে মাত্র ১৫টিতে জয় পেয়েছে তারা।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি

উন্নত মুদ্রণ

সাদা, কালো, রঙিন

নতুন ধারায়

রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন

প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১

ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪

ই-মেল : rainbowprintingworks@gmail.com

PRESS NOTICE INVITING TENDER
 PNIT No. F.3(4411)DUZ/2012-13/463 Dated: 20/11/2021
 On behalf of the Governor of Tripura, the District Magistrate & Collector, Unakoti District, Kailashahar invites tender from eligible bidders up to 4 PM on 10-12-2021 for cleaning / washing / sweeping of composite office building which include corridor of the District Administration vide tender notice (2nd Call) No.F.3(44)/DUZ/2012-13/ 462 dt.20/11/2021. For details terms & condition of the tender is available in Tripura State Portal tripura.gov.in & Unakoti District website unakoti.nic.in and hard copy can be seen the Notice Board of the Office of the District Magistrate & Collector, Unakoti District, Kailashahar, Tripura on all working days from 10 A.M. onwards. Any subsequent corrigendum will be available in the website.

District Magistrate & Collector
Unakoti District, Kailashahar.
ICA-C-2704/2021-22



শান্তিরবাজারে ডিওয়াইএফআই, টিওয়াইএফআই এর মৌখ উদ্যোগে বিক্ষোভ আন্দোলন ঘিরে উত্তেজনা। ছবি নিজস্ব।

বামপন্থী যুব সংগঠনগুলির উদ্যোগে বিক্ষোভ আন্দোলন পতিছড়িতে

নিজস্ব প্রতিনিধি, আগরণতলা, ২৪ নভেম্বর। জিএমপি, ডি ওয়াই এফ আই ও টি ওয়াই এফ এর উদ্যোগে বুধবার পতিছড়ি ডিপোতে এলাকায় এক প্রতিবাদ বিক্ষোভ মিছিল সংগঠিত করা হয়। রাজ্যের গনতন্ত্র পুনরুদ্ধারের সংগ্রামে জিএমপি, ডি ওয়াই এফ আই ও টি ওয়াই এফ এর মৌখ উদ্যোগে বুধবার একবন্ধ প্রতিবাদ প্রতিবাদ বিক্ষোভ মিছিল সংগঠিত করা হয়। সি পি আই এম এর তিন সংগঠনের কর্মী ও পুলিশ বাহিনীর মধ্যে হাতাহাতি হয়। পরবর্তী সময় শান্তির বাজার থানার ওসি সুরত চক্রবর্তী নেতৃত্বে বিশাল পুলিশবাহিনী দিয়ে ঘটনা নিয়ন্ত্রণে আনা হয়। সি পি আই এম সমর্থিত কর্মীরা পুনরায় মিছিল নিয়ে পতিছড়ি ডিপোতে এলাকায় ফিরে যায়। এই প্রতিবাদ মিছিল সম্পর্কে সংবাদ মাধ্যমের সাননে জানানো টি টি এডিসির প্রাক্তন ক্রীড়া ও যুবকলান দপ্তরের নির্বাহী সদস্য পরিক্রিত মুজাফির।

তিনি জানান বর্তমান সরকারের আমলে লোকজন নিজেদের স্বাধীনতা হারিয়ে ফেলেছে। ২০১৮ সাল থেকে এখন পর্যন্ত পুলিশ সি পি আই এমকে কোনো কর্মসূচি করার সুযোগ দিচ্ছে না। আজও পুলিশের অনুমতি ছাড়াই মিছিল করতে হয়েছে বলে জানান পরিক্রিত মুজাফির। পুলিশের অনুমতি না থাকার ফলে আজকের প্রতিবাদ মিছিলে পুলিশ বাধা দান করে। পুলিশের বাধা দেওয়া সত্ত্বেও উদ্যোগী সূত্রভাবে মিছিল সংগঠিত করেন বলে জানান। পাশাপাশি বর্তমান রাজ্য সরকারের বিভিন্ন কাজের ত্রি নিন্দা জানান পরিক্রিত মুজাফির। এই মিছিলে পরিক্রিত মুজাফির এর পাশাপাশি উপস্থিত ছিলেন সি পি আই এম এর নেতৃত্ব আশুতোষ দেবনাথ, শ্রীমন্ত দে, জহর দেবনাথ, সত্যজিৎ রিয়াং সহ সি পি আই এম এর অন্যান্য নেতৃবৃন্দ। এইমিছিলে সি পি আই এম এর কর্মী সমর্থক ব্যাপক উৎসাহে অংশগ্রহণ করে।

শান্তিরবাজার থানায় ডেপুটেশন মিডিয়া ফোরামের

নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২৪ নভেম্বর। অল ত্রিপুরা ককবরক মিডিয়া ফোরামের উদ্যোগে শান্তিরবাজার থানার ওসির সঙ্গে সাক্ষাৎকারের মিলিত হয়। ঘটনার বিবরণে জানা যায় গত ১৯ শে নভেম্বর শান্তির বাজার মহকুমার পতিছড়ি ডিপোতে পাড়ায় রাস মেলায় সংবাদ সংগ্রহ শেষে ঘরে ফেরার পথে মেলা থেকে ১ কিলোমিটার দূরত্বে জনস্বাস্থ্য জমাতিয়া পাড়ায় চুমুই

৬ এর পাতায় দেখুন

কোভিড-সংক্রমণ ৯-হাজারের উর্ধ্বে ভারতে ফের বাড়ল মৃত্যুর সংখ্যা

নয়াদিল্লি, ২৪ নভেম্বর (হিস.): দৈনিক করোনা-সংক্রমণ ফের বাড়ল ভারতে, বিগত ২৪ ঘণ্টায় বেড়েছে মৃত্যুও। মঙ্গলবার সারাদিনে ভারতে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৯ হাজার ২৮৩ জন। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.৩২ শতাংশ রোগী চিকিৎসারীনে রয়েছেন। ভারতে বিগত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসের টিকা পেয়েছেন ৭৬ লক্ষ ৫৮ হাজার ২০৩ জন প্রাপক, ফলে ভারতে বুধবার সকাল আটটা পর্যন্ত ১, ১১,৪৮১-এ পৌঁছেছে, বিগত ২৪ ঘণ্টায় চিকিৎসারীনে রোগীর সংখ্যা কমেছে ২,১০৩ জন।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘণ্টায় ৪৩৭ জনের মৃত্যুর পর ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৪,৬৬, ৫৮৪ জন (১.৩৫ শতাংশ)। ভারতে সুস্থতার সংখ্যা স্বস্তি দিয়ে বেড়েই চলেছে, মঙ্গলবার সারা দিনে ভারতে করোনা-মুক্ত হয়েছেন ১০,৯৪৯ জন। বুধবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৩,০৯,৫৯৬,৬৯৯ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৩৩ শতাংশ।

মমতার পাশে আছি, দেখা করতে এসে বললেন বিজেপি সাংসদ সুরক্ষণ্যম স্বামী

নয়াদিল্লি, ২৪ নভেম্বর (হিস.): বুধবার বিকেলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠক রয়েছে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। তার আগেই দলবদলের জল্পনা উঠেছে মুখ্যমন্ত্রীর সঙ্গে করতে এলেন বিজেপি সাংসদ সুরক্ষণ্যম স্বামী। গাড়ি থেকে নেমে সাংবাদিকদের উদ্দেশ্যে তিনি শুধু বললেন, 'মমতার পাশেই আছি। আলাদা ভাবে দল বদল করার কোনও প্রয়োজন নেই।' সাংস্রতিক কালে স্বামীর সঙ্গে

বিজেপির দীর্ঘদিনের সম্পর্ক কার্যত তলানিতে ঠেকেছে। গত মাসেই বিজেপির সর্বভারতীয় কর্মসূচি থেকে সরিয়ে দেওয়া হয়েছে প্রবীণ রাজসভা সাংসদ। তা ছাড়া এর আগেও তাঁকে বহুবার প্রকাশ্যে মমতার প্রশংসাও করতে দেখা গিয়েছে। অক্টোবরে মমতার রোম-সফরে সম্মতি না দেওয়ায় কেন্দ্রকে তুলোধানাও করেছেন স্বামী। প্রসঙ্গত, এদিন বিকেল ৪ টা নাগাদ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর

সঙ্গে বৈঠক বসছেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। গত মঙ্গলবারই দিল্লিতে তিন অবিজপে নেতা খোদ মমতার হাতে থেকে পতাকা নিয়ে তৃণমূলে এসেছেন। তার মধ্যে রয়েছে তারালের একদা ঘনিষ্ঠ অশোক তনওয়ার, বিহাির কীর্তি আজাদ এবং বিডিইউ সাংসদ পবন বর্মা। এই দলবদলের স্রোতের মাঝেই সুরক্ষণ্যমের সঙ্গে মমতার সাক্ষাৎ জল্পনা তৈরি করল।

শক্তিশালী, সফল ও সমৃদ্ধ ভারত নির্মাণে সকলের সক্রিয় অংশগ্রহণ জরুরি : রাষ্ট্রপতি

কানপুর, ২৪ নভেম্বর (হিস.): একটি শক্তিশালী, সফল, উন্নত ও সমৃদ্ধ ভারত নির্মাণের লক্ষ্যে সকলকে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা উচিত। দেশবাসীর উদ্দেশ্যে এমনটাই জানালেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। রাষ্ট্রপতি বলেছেন, যে কোনও দেশের উজ্জ্বল ভবিষ্যতের ভিত্তি অতীতের অভিজ্ঞতা এবং পূর্বপুরুষদের উত্তরাধিকার থেকে প্রাপ্ত হয়। দু'দিনের সফরে বুধবার সকালেই উত্তর প্রদেশের কানপুরে পৌঁছান রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ।

রাষ্ট্রপতিকে স্বাগত জানান উত্তর প্রদেশের রাজ্যপাল আনন্দীবেন পাটেল ও মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ।

সেখান থেকে রাষ্ট্রপতি যান চৌধুরী হরমোহন সিং যাদব প্যারামেডিকেল ইন্সটিটিউটে। এই অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেছেন, শ্রী হরমোহন সিংয়ের জীবন সরলতা এবং জনসেবার নিখুঁত উদাহরণ। ১৯৮৪ সালে, তিনি সাম্প্রদায়িক সম্প্রীতির একটি দুর্দান্ত উদাহরণ স্থাপন করেছিলেন। এমনকি নিজের

জীবনের ঝুঁকি নিয়েও, তিনি সাহসিকতার সঙ্গে উদ্ভিদ ভিডের সঙ্গে লড়াই করেছিলেন এবং বিপুল সংখ্যক জীবন রক্ষা করেছিলেন। এই অনুষ্ঠানেই রাষ্ট্রপতি বলেছেন, একটি শক্তিশালী, সফল, উন্নত ও সমৃদ্ধ ভারত নির্মাণের লক্ষ্যে সকলকে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা উচিত। প্রসঙ্গত, বৃহস্পতিবারও কানপুরে থাকবেন রাষ্ট্রপতি। ২৫ নভেম্বর কানপুরের একটি প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শতবার্ষিকী অনুষ্ঠানে যোগ দেবেন রাষ্ট্রপতি।

রাজ্যে প্রবেশের সময় অসম সীমান্তে আটক পনেরো লক্ষাধিক টাকার গবাদি পশু

নিজস্ব প্রতিনিধি, চুড়াইবাড়ি, ২৪ নভেম্বর। অসমের উপায় রাজ্যে প্রবেশের সময় অসম ত্রিপুরা সীমান্তে অসম পুলিশের হাতে আটক লরি বোঝাই সতেরোটি গরু। একসাথে আটক করা হয়েছে লরি চালকেও। লরিতে নাম জগদীশ রায় (৫১) পিতার নাম মঙ্গল সিং বাডি হরিয়ানা রাজ্যের ফাতেওয়াদ থানাধীন ভাটিয়া কলোনীতে। এ মর্মে অসমের করিমগঞ্জ জেলার চুড়াইবাড়ি ওয়াচ

পোষ্টের ইনচার্জ মিতু শীল জানান, বুধবার সন্ধ্যা নাগাদ এইচআর পচাম এন্ড সাত পাচ আট পাচ নম্বরের একটি লরি অসমের সীমান্ত অতিক্রম করে ত্রিপুরায় প্রবেশ করতে গেলে ত্রিপুরা লরিটিতে নিয়ম মতো করে তদাশি চালায় অসম পুলিশ। পরে লরির ভিতর থেকে আটক করা হয় মোট সতেরোটি বিভিন্ন বয়সের গরু এদের মধ্যে এগারোটি গরু ও ছয়টি বাছুর গরু রয়েছে।

বাজার মূল্য অনুমানিক পনেরো থেকে ষোল লক্ষ টাকার মত হবে পাশাপাশি আটক করা হয়েছে লরি চালকে ইনচার্জ মিতু শীল জানান, এই গরু গুলি পাল্লার থেকে ত্রিপুরা নিয়ে যাচ্ছিল। তাছাড়া পাচারকৃত গরুগুলোর প্রবেশের কোনও বৈধ কাগজ পত্র পাওয়া যায়নি। এমনকি ছয় চাকার লরিতে লাইভ স্টক পারমিটকে উপেক্ষা করে বেশী সংখ্যক গরু বোঝাই করা ছিল। লরি গরুর কানে ট্যাগ লাগানো থাকলেও বাঁকগুলোতে কোনও ট্যাগ লাগানো হয়নি ফলে চালককে অসম ক্যাটেল প্রেভেনশন অ্যাক্ট (তেরো) এক দু হাজার একশ) মতোবৈধ আটক করা হয়। বর্তমানে লরি চালক অসম পুলিশের হেফাজতে রয়েছে।

টিকাকরণে জোর, ভারতে ভ্যাকসিন পেলেন ১১৮.৪৪-কোটির বেশি প্রাপক

নয়াদিল্লি, ২৪ নভেম্বর (হিস.): ভারতে ১১৮.৪৪-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল করোনাভাইরাসের টিকাকরণ। দেশব্যাপী টিকাকরণ অভিযানে বিগত ২৪ ঘণ্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ৭৬ লক্ষ ৫৮ হাজার ২০৩ জনক। ভারতে ৩৩,৪৭-কোটির উর্ধ্বে পৌঁছে গেল করোনা-পরীক্ষার

মন্ত্রক জানিয়েছে, বুধবার সকাল আটটা পর্যন্ত মোট ১,১৮,৪৪,২৩, ৫৭৩ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। দেশব্যাপী টিকা দেওয়া হয়েছে ৭৬ লক্ষ ৫৮ হাজার ২০৩ জনক। ভারতে ৩৩,৪৭-কোটির উর্ধ্বে পৌঁছে গেল করোনা-পরীক্ষার

আরও দুটি ব্যাঙ্ক বেসরকারিকরণে শীতকালীন অধিবেশনে বিল আনছে কেন্দ্র

নয়াদিল্লি, ২৪ নভেম্বর (হিস.): আইডিবিআই ছাড়া আরও দুটি সরকারি ব্যাঙ্ক বেসরকারিকরণে উদ্যোগী কেন্দ্র। আগামী ২৯ নভেম্বর সংসদের শীতকালীন অধিবেশন শুরু হচ্ছে। সেই অধিবেশনেই সরকার ব্যাঙ্কিং আইন (সংশোধন) বিল ২০২১ নিয়ে আলোচনার জন্য তুলবে। সুত্রের দাবি, চলতি অর্ধবর্ষে ১, ৭৫ লাখ কোটি টাকা বিনিয়োগের লক্ষ্যমাত্রা নিয়ে ব্যাঙ্ক বেসরকারিকরণের উদ্যোগ।

ব্যাঙ্ক বেসরকারিকরণ করতে ১৯৭০ ও ১৯৮০ ব্যাঙ্কিং কোম্পানি (অধিগ্রহণ এবং আভারটেকিংস ট্রান্সফার) আইন সংশোধন করা দরকার। একই সঙ্গে ১৯৪৯ সালের ব্যাঙ্ক আইন সংশোধনের প্রয়োজন রয়েছে।

বাজেটে অর্থমন্ত্রী নির্মলা সীতারমন ২০২১-২২ সালে কেন্দ্রীয় বাজেট

পেশ করার সময় সরকারের বিনিয়োগ অভিযানের অংশ হিসাবে দুটি সরকারি ব্যাঙ্ক বেসরকারিকরণের কথা ঘোষণা করেছিলেন। সুত্রের দাবি, কোন দুটি ব্যাঙ্ক বেসরকারিকরণ হবে তার নাম বিলে উল্লেখ নেই। নাম উল্লেখের পরিবর্তে কেন্দ্র সরকার পাবলিক সেক্টর ব্যাঙ্কগুলির বেসরকারিকরণের জন্য সক্রিয় আইন তৈরি করতে উদ্যোগী। সেই আইনের মাধ্যমে দুই দফায় ব্যাঙ্কগুলোকে জাতীয়করণ করা হবে।

কেন্দ্র আইডিবিআই ব্যাঙ্ক ছাড়া অন্য দুটি সরকারি ব্যাঙ্ককে বেসরকারিকরণের প্রস্তাব করেছিল। সরকার ইতিমধ্যে সাধারণ বীমা কোম্পানির বেসরকারিকরণের জন্য ২০২১ সালের অগস্টে শেষ হওয়া বাদল অধিবেশনে সাধারণ বীমা ব্যবসা (জাতীয়করণ) সংশোধনী বিল ২০২১-এর সংসদের অনুমোদন পেয়েছে।

আগামী মাসেই রাজ্য বিজেপিতে বড়সড় রদবদল দিল্লিতে জানালেন রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার

নয়াদিল্লি, ২৪ নভেম্বর (হিস.): আগামী মাসের গোড়ার দিকেই রাজ্য বিজেপির নতুন কমিটি ঘোষিত হতে চলেছে। নতুন কমিটিতে প্রধান্য পেতে পারেন মহিলা এবং যুব প্রতিনিধিরা। রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদারে নেতৃত্বাধীন এই কমিটিতে জায়গা পেতে পারেন ৩১-৩২ জন। তার মধ্যে ৭ থেকে ৮ জন মহিলা সদস্য থাকবেন বলেই জানা গিয়েছে।

বুধবার দিল্লিতে সুকান্ত মজুমদার জানিয়েছেন, "আগামী মাসের শুরু দিকেই কমিটি ঘোষণা করা হবে। বেশ কিছু গুরুত্বপূর্ণ পদে মহিলারা থাকবেন।" তবে এর চেয়ে বেশি কিছু জানাতে চাননি তিনি। আগের মতো ১২ জন সহ-সভাপতি, ৫ জন সাধারণ সম্পাদক, ১২ জন

সম্পাদক, একজন কোষাধ্যক্ষ থাকবেন কমিটিতে। দলের পুরানো সদস্যদের পাশাপাশি অন্য রাজনৈতিক দল থেকে যারা বিজেপিতে এসেছেন তাদেরকেও কমিটিতে সমানভাবে জায়গা দেওয়া হবে। কমিটি গঠনের ক্ষেত্রে আদি ও নব্য বিজেপির সমন্বয় রক্ষা করতে হবে। রাজ্য সভাপতিতে এই মর্মেই নির্দেশ দিয়েছে বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব।

মঙ্গলবার রাতে বিজেপির সর্বভারতীয় সাধারণ সম্পাদক (সংগঠন) বি এল সত্যোবের সঙ্গে দীর্ঘ সময় ধরে বৈঠক করেছেন সুকান্ত। অন্য দল থেকে বিজেপিতে যোগদানকারী অনেকে পদ পাওয়ার পরও অন্য রাজনৈতিক দলে চলে গিয়েছেন, সত্যোবের সঙ্গে বৈঠকে সেই বিষয়টিও উঠে আসে।

বিএসএফ জওয়ানরা কুড়ি লক্ষ টাকার ইয়াবা টেবলেট সহ আটক করল যুবককে

নিজস্ব প্রতিনিধি, চুড়াইবাড়ি, ২৪ নভেম্বর। ধর্মনগরের সোনারবাসা এলাকায় ১৩৯ নং সীমান্ত রক্ষী জোয়ানের নেশা বিরোধী অভিযান।

বাংলাদেশ পাচারের পথে কুড়ি লক্ষাধিক টাকার ইয়াবা টেবলেট সহ নগদ অর্থ ও একটি মটর বাইক উদ্ধার সাথে আটক এক পাচারকারী। ধৃত পাচারকারীর নাম জয়দল হক তার বাড়ি কদমতলা থানাধীন তারকপুর এলাকায়। বর্তমানে ইয়াবা টেবলেট সহ নগদ অর্থ,মোটর বাইক ও ধৃত পাচারকারীকে ধর্মনগরের থানার হাতে সমর্পণ দিয়েছে সীমান্ত রক্ষী জোয়ান।

বাইক বাহিনীর তান্ডব উদ্বেগ প্রকাশ বাম প্রার্থীর

নিজস্ব প্রতিনিধি, আগরণতলা, ২৪ নভেম্বর। রাজধানী আগরণতলা শহরের অলিগলিতে শাসক দল বিজেপির বাইক বাহিনী ভোটদানের ভোটকেন্দ্রে না যেতে ছলিয়া জারি করেছে। এ ধরনের ও গণতান্ত্রিক কাজ কর্মের তীব্র প্রতিবাদ জানিয়েছেন ১৭ নং ওয়ার্ডের বামফ্রন্ট মনোনীত সিপিআইএম প্রার্থী ফুলন ভট্টাচার্য।

আগরণতলা পুরনিগম নির্বাচন প্রসঙ্গে পরিণত করার জন্য সব ধরনের চক্রান্ত লিপ্ত হয়েছে শাসক দল।

শাসক দলের চক্রান্ত প্রতিহত করে ভোটদানের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করার জন্য আহ্বান জানিয়েছেন পুরনিগমের ১৭নম্বর ওয়ার্ডের সিপিআইএম প্রার্থী ফুলন ভট্টাচার্য।

বুধবার আগরণতলা হেস্কেলেবো আয়োজিত সাংবাদিক সম্মেলনে সিপিআইএম ১৭নম্বর ওয়ার্ডের প্রার্থী অভিযোগ করেন এলাকার বিভিন্ন স্থানে অলিগলিতে শাসক দল বিজেপির বাইক বাহিনী বাড়িঘরের ঢুকে ভোটদানের ভোটকেন্দ্রে না যেতে ছলিয়া জারি করে চলেছে শাসক দলের এ ধরনের গণতান্ত্রিক কাজকর্মের ভোটদানের মধ্যে তীব্র আভ্যন্তরীণ সৃষ্টি হয়েছে। নির্বাচনের প্রহসনের পরিণত করে শাসকদের পুর নিগম নিজেদের দখলে নিয়ে যাওয়ার লক্ষ্যে এ ধরনের কাজ কর্মে লিপ্ত হয়েছে বলে তিনি মন্তব্য করেন।

বিষয়টি আগরণতলা পশ্চিম থানার পুলিশকে জানানো হয়েছে। শাসকদলের এ ধরনের কাজকর্ম বন্ধ করতে এবং ভোটদানের নিরাপত্তা নিশ্চিত করতে দাবি জানিয়েছেন সিপিআইএম ১৭নং ওয়ার্ডের প্রার্থী ফুলন ভট্টাচার্য।

ঘটনার বিবরণে প্রকাশ, উত্তর জেলার ধর্মনগর থানাধীন ১৩৯ নং ব্যাটেলিয়নের ইয়াকুব নগরের সীমান্ত রক্ষী জোয়ানের কাছে গোপন সুত্রের খবর ছিল যে, বাংলাদেশে পাচারের উদ্দেশ্যে বিপুল পরিমাণ নেশাজাতীয় ইয়াবা টেবলেট নিয়ে যাওয়া হচ্ছে সেই খবরের ভিত্তিতে সীমান্তরক্ষী জওয়ানরা ধর্মনগর কদমতলা সড়কের সোনারবাসা এলাকায় ধৃতপেতে বসে থাকে তখন টিআর জিরো ফাইভ সিগ্ন ফাইভ ফাইভ সিগ্ন নম্বরের একটি গ্ল্যামার বাইক সহ এক ব্যক্তিকে আটক করে তদাশি চালালে আসে সাফল্য। ধৃত ব্যক্তির কাছ থেকে চার হাজার নেশাজাতীয় ইয়াবা টেবলেট উদ্ধার করতে সক্ষম হয় সীমান্ত রক্ষী জোয়ানরা। উদ্ধারকৃত ইয়াবা টেবলেটের বাজার মূল্য আনুমানিক কুড়ি লক্ষাধিক টাকা সাথে উদ্ধার করা হয় নয় হাজার একশো পঞ্চাশ টাকা সহ একটি মোবাইল ফোন ও গ্ল্যামার বাইক।

ধৃত নেশা পাচারকারীর নাম জয়দল হক (২৬)। ধৃতের বাড়ি কদমতলা থানাধীন তারকপুর এলাকায়। আসে ইয়াবা টেবলেট গুলি বাংলাদেশে পাচারের উদ্দেশ্যে নিয়ে যাচ্ছিল বলে সীমান্ত রক্ষী জোয়ানদের জেরায় স্বীকার করেছে। পাশাপাশি সীমান্ত রক্ষী জোয়ানরা সকল আইনি প্রক্রিয়া শেষে ইয়াবা টেবলেট সহ নগদ অর্থ, মোবাইল ফোন,মোটর বাইক ও পাচারকারীকে ধর্মনগর থানার হাতে তুলে দিয়েছে। ধর্মনগর থানার পুলিশ ধৃত পাচারকারীকে বৃহস্পতিবার জেলা আদালতে সোপর্দ করেছে।

বেতন না পেয়ে সাক্রম এর ফেডকো নামক সংস্থার অফিসে তালা ঝোলালো লাইনম্যানরা

নিজস্ব প্রতিনিধি, আগরণতলা, ২৪ নভেম্বর। বেতন না পেয়ে সাক্রম এর ফেডকো নামক বেসরকারি বিদ্যুৎ অফিসে তালা ঝোলালো লাইনম্যানরা। ২০২০ সালের সেপ্টেম্বর মাস থেকে সাক্রমের বিদ্যুৎ পরিষেবার দায়িত্ব পায় বেসরকারী সংস্থা ফেডকো। জানা যায়, সাক্রমের এই বিদ্যুৎ পরিষেবা প্রদানকারী বেসরকারী সংস্থা ফিডব্যাক এনার্জি ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড মাসের পর মাস কর্মরত লাইনম্যানদের বেতন নিয়ে তালবাহানা করে আসছে। প্রত্যেক মাসেই কর্মীদের বেতন সঠিক সময়ে দেওয়া হয় না। ওই বেসরকারি সংস্থায় কর্মরত কর্মীদের গত মাসের বেতন এখন পর্যন্ত দেওয়া হয়নি যার দরন বাধা হয়ে ওই বেসরকারি বিদ্যুৎ সংস্থার লাইনম্যানরা সাক্রম এর অফিসে গিয়ে বুধবার সকাল ১১ টা নাগাদ তালা ঝুলিয়ে দেয়। এছাড়াও সংস্থায় কর্মীদের বেতন নিয়ে অফিসে গিয়ে মাসের সময় সমস্ত বিষয়গুলি তাদের সঙ্গে চুক্তিপত্র হয়েছিল সেই চুক্তিপত্র অনুযায়ী কোন

কিছুই তারা পাচ্ছেন না। এমনকি চুক্তিপত্রের কাগজও তাদের দেওয়া হয়নি। কর্মীদের আরো অভিযোগ তাদের নিয়োগ করার এক বছর অতিক্রান্ত হলেও এখনো পর্যন্ত তাদের জন্য যে ইন্সুরেন্স রয়েছে সেই কাগজ গুলিও তাদের দেওয়া হয়নি। কোন রকম পরিচয় পত্র কিংবা প্রয়োজনীয় নথিপত্র তাদের দেওয়া হয়নি ফলে তারা অনিশ্চয়তায় ভুগছেন। তাদের দাবি এই ঝুঁকিপূর্ণ কাজ করতে গিয়ে যদি কোনরকম ভাবে দুর্ঘটনায় মুক্ত হয় তবে এর দায়ভার কে নেবে? সরকারের হাত থেকে দায়িত্ব পাওয়ার পর থেকেই বেসরকারি বিদ্যুৎ পরিষেবা প্রদানকারী সংস্থা ফেডকো সাক্রমের বিদ্যুৎ পরিষেবার মান একেবারে তলানিতে গিয়ে ঠেকেছে। ঘনঘন শেডিং নিত্যনৈমিত্তিক ঘটনা। গ্রাহকদেরকে মোটা অংকের ভুতুড়ে বিদ্যুৎ বিল ধরিয়ে দেওয়ার অভিযোগও উঠছে হামেশাই। এবার তাতে যোগ হলো জীবননগরের ঝুঁকি নিয়ে লাইনম্যানদের কাজ করতে হচ্ছে।



ধর্মনগরে ইয়াবা সহ এক যুবককে আটক করল বিএসএফ। ছবি নিজস্ব।